দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১২ মে ২০২৬ ॥ ২৩ জিলক্বদ ১৪৪৭ ॥ ২৯ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৪৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তিনি বললেন হে পালনকর্তা! কেমন করে আমার পুত্র সন্তান হবে, আমার যে বার্ধক্য এসে গেছে, আমার স্ত্রীও যে বন্ধ্যা। বললেন, আল্লাহ এমনি ভাবেই যা ইচ্ছা করে থাকেন।

সূরা আল ইমরান ৪০

অপরাধীর পরিচয় কেবলই অপরাধী, রাজনৈতিক পরিচয় নয়: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, কারো রাজনৈতিক পরিচয় বা প্রভাবশালী অবস্থান দেখে আইনশৃঙ্খলা বাহিনীকে ২ এর পাতায় দেখুন

ব্রেইন ড্রেইন নয়, রিভার্স ব্রেইন ড্রেইন করতে হবে: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

উচ্চশিক্ষা অর্জনে বিদেশে যাওয়া তরুণদের ফিরে এসে দেশের সেবায় কাজ করার আহ্বান জানিয়েছেন শিক্ষা এবং ২ এর পাতায় দেখুন

গণভোটের রায় অস্বীকার করলে নতুন সংকট তৈরি হবে: গোলাম পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, জনগণের ভাষা বুঝতে চেষ্টা করুন। ২ এর পাতায় দেখুন

গর্ভের সন্তান ছেলে না মেয়ে তা প্রকাশ করা যাবে না

কীর্তনখোলা ডেস্ক

মার্তৃগর্ভে থাকা ভ্রূণের লিঙ্গ নির্ধারণ, লিঙ্গ শনাক্ত ও পরিচয় প্রকাশের অনৈতিক চর্চা বন্ধে রায় দিয়েছেন হাইকোর্ট। ২ এর পাতায় দেখুন

বরিশালে আকস্মিক পরিদর্শনে স্বাস্থ্যমন্ত্রী, কর্মচারীকে বরখাস্ত

কীর্তনখোলা রিপোর্ট

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বরিশালের বিভিন্ন হাসপাতাল আকস্মিকভাবে পরিদর্শন করেছেন। এ সময় হাসপাতালগুলোর চিকিৎসাসেবা, পরিচ্ছন্নতা, দালালচক্রের দৌরাত্ম্য এবং জনবল সংকট নিয়ে অসন্তোষ প্রকাশ করেন তিনি। সোমবার (১১ মে) বেলা ১১টার দিকে মন্ত্রী প্রথমে বরিশাল জেনারেল হাসপাতাল (সদর হাসপাতাল) পরিদর্শনে যান। হাসপাতালের টিকিট কাউন্টার ও বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন তিনি। পরে বেলা সাড়ে ১১টার দিকে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। পরিদর্শনকালে কর্মস্থলে অনুপস্থিত থাকায় হাসপাতালের ডায়ালাইসিস টেকনিশিয়ান জসিম মাতুব্বরকে সাময়িক বরখাস্তের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী। স্বাস্থ্যমন্ত্রী বলেন, হাসপাতালের বহির্বিভাগের চিকিৎসা ব্যবস্থার মান সন্তোষজনক নয়। এ বিষয়ে হাসপাতালের তত্ত্বাবধায়ককে সার্বক্ষণিক নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। বহির্বিভাগে চিকিৎসকরা দেরিতে আসে বলেও ২ এর পাতায় দেখুন

বাংলাদেশের মানুষ কাঁটাতার ভয় পায় না : পররাষ্ট্র উপদেষ্টা

কীর্তনখোলা ডেস্ক

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হয়েই বাংলাদেশ লাগোয়া সীমান্তে বেড়া দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন বিজেপি নেতা শুভেন্দু অধিকারী। শুধু তাই নয়, এই বেড়া নির্মাণের জন্য আগামী ৪৫ দিনের মধ্যে ভারতের সীমান্তরক্ষী বাহিনীকে (বিএসএফ) জমি হস্তান্তরের ঘোষণা দিয়েছেন তিনি। পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রীর এমন সিদ্ধান্তের খবরে প্রাথমিক প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির বলেছেন, কাঁটাতার দিয়ে ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরও ৬ জনের মৃত্যু, আক্রান্ত ৫০ হাজার ছাড়ালো

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে নতুন করে হামের উপসর্গ নিয়ে ছয়জন মারা গেছেন। তবে এই সময়ে হামে আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি। এছাড়া চলতি বছরের ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৫০ হাজার ছাড়িয়েছে। সোমবার (১১ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর ২ এর পাতায় দেখুন

২২৭৬ নেতাকর্মীকে গুম-হত্যার তদন্ত চেয়ে ফের ট্রাইব্যুনালে বিএনপি

কীর্তনখোলা ডেস্ক

দুই হাজার ২৭৬ জন নেতাকর্মীকে গুম-হত্যার তদন্ত চেয়ে আবারও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে অভিযোগ দাখিল করেছে বিএনপি। সোমবার (১১ মে) দুপুরে চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামের কাছে এ অভিযোগ জমা দেন বিএনপির কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য এবং মামলা ও তথ্য সংরক্ষণ সমন্বয়ক সালাহউদ্দিন খান। অভিযোগে বলা হয়, ২০০৮ থেকে ২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত আওয়ামী লীগ সরকারের সময় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের পরিকল্পিতভাবে ২ এর পাতায় দেখুন

স্থবির বরিশাল বিশ্ববিদ্যালয়
২৫ চেয়ারম্যান ও ৭ ডিনের পদত্যাগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) শিক্ষকদের পদোন্নতি আন্দোলনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। পদোন্নতির দাবিতে আন্দোলনরত শিক্ষকরা উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করে অবস্থান কর্মসূচি পালন শেষে রেজিস্ট্রার কার্যালয়ে তালা ঝুলিয়ে দেন। পরে প্রশাসনিক দপ্তর, অর্থ দপ্তর, পরিকল্পনা দপ্তর, জনসংযোগ দপ্তর ও ডিনদের কার্যালয়সহ একাধিক দপ্তর তালাবদ্ধ করা হয়। এ সময় শিক্ষকদের বাধার মুখে কর্মকর্তারা নিজ নিজ কার্যালয় ত্যাগ করতে বাধ্য হন। পূর্ব ঘোষণা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২৫টি ২ এর পাতায় দেখুন

গাজায় ধ্বংসস্তূপের নিচে ৮ হাজার মরদেহ, নেই উদ্ধার তৎপরতা!

কীর্তনখোলা ডেস্ক

গাজা উপত্যকায় ধ্বংসস্তূপের নিচে এখনো অন্তত ৮ হাজার ফিলিস্তিনির মরদেহ চাপা পড়ে রয়েছে। তবে উদ্ধার সরঞ্জামের ঘাটতির কারণে সেগুলো উদ্ধার করা সম্ভব হচ্ছে না বলে জানিয়েছে আমিরাতভিত্তিক সংবাদমাধ্যম দ্য ন্যাশনাল। গাজার সিভিল ডিফেন্সের মুখপাত্র মাহমুদ বাসসাল বলেন, বর্তমানে যে সরঞ্জাম রয়েছে তা অত্যন্ত পুরোনো এবং ইসরায়েলি বাহিনীর দুই বছরের সামরিক অভিযানে সৃষ্ট ব্যাপক ধ্বংসযজ্ঞ মোকাবিলা তথা সরানোর জন্য তা যথেষ্ট নয়। তিনি বলেন, ধ্বংসস্তূপের নিচে চাপা পড়া মৃতদেহের সংখ্যা আরও বেশি হতে পারে। প্রতিদিনই নতুন নতুন নিখোঁজ ব্যক্তির নাম সামনে আসছে। বাসসাল আরও জানান, উপত্যকাজুড়ে ইঁদুর ও উইজাত প্রাণীর বিস্তার ঘটেছে যা বড় ধরনের স্বাস্থ্যঝুঁকি তৈরি করছে। ২ এর পাতায় দেখুন

আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছে এশিয়া পোস্ট, বরিশালে উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ-**কীর্তনখোলা**

বরিশালে মাদক ও হানিট্র্যাপসহ নানা অপরাধে জড়াচ্ছেন নারীরা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে সাম্প্রতিক সময়ে নারীদের মাদকসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ার প্রবণতা উদ্বেগজনকভাবে বেড়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর ধারাবাহিক অভিযান ও জেলা প্রশাসনের অপরাধ পরিসংখ্যানে দেখা গেছে- মাদক ব্যবসা, হানিট্র্যাপ, ছিনতাই ও সংঘবদ্ধ অপরাধে নারীদের সম্পৃক্ততা আগের তুলনায় বেড়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে , গত মঙ্গলবার (৭ মে) হিজলা উপজেলায় অভিযান চালিয়ে ৫৫২ পিস ইয়াবাসহ তাসলিমা বেগম নামে এক নারীকে গ্রেপ্তার করে পুলিশ। একই দিন সন্ধ্যায় বরিশাল নগরীতে ৯৮৩ অ্যাম্পুল নেশাজাতীয় ইনজেকশনসহ হানিফুর রহমান হৃদয় রিদু (৩২) ও তার স্ত্রী ফাবিহা মিনহা রেখাকে গ্রেপ্তার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। গত ৩ মে বরিশাল-ঢাকা মহাসড়কের কলসগ্রাম এলাকা থেকে এক হাজার ২ এর পাতায় দেখুন

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদলের বরিশালে নানা কর্মসূচি

কীর্তনখোলা রিপোর্ট

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধিদলের বরিশালের প্রকাশক ও লেখকদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত। দুদিনব্যাপী বরিশালের বিভিন্ন প্রকাশক ও লেখকের সাথে জাতীয় গ্রন্থাগারে নতুন প্রকাশনা জমা গ্রহণ ও আইএসবিএন বিষয়ে সচেতনা বিষয়ক সভায় অংশগ্রহণ করেন তারা। গত ১১ ও ১২ মে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কম্পাইলেশন অফিসার বাবুল আখতারের নেতৃত্বে বরিশাল সফরে এই দলটি গত ১১ মে বরিশালের অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি সালমা পারভীনের সাথে মতবিনিময় করেন। এ সময়ে তারা আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের নানান কর্মসূচি সম্পর্কে জেলা ২ এর পাতায় দেখুন

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সাবেক যুবদল নেতার নেতৃত্বে শিক্ষক কর্মকর্তাদের ওপর বহিরাগতদের হামলা

পটুয়াখালী প্রতিনিধি

অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলামকে অবাঞ্ছিত ঘোষণা করে ক্যাম্পাসে অবস্থান ধর্মঘট পালন করেছেন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা। এ সময় দুমকি উপজেলা যুবদলের বহিষ্কৃত সদস্যসচিব রিপন শরীফের নেতৃত্বে বহিরাগতদের

হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে বলে অভিযোগ পাওয়া গেছে। হামলায় অন্তত ১৯ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী আহত হয়েছেন বলে জানিয়েছেন আন্দোলনকারীরা। এ সময় পবিপ্রবি সাংবাদিক সমিতির এক সাংবাদিকের ওপরও হামলা হয়। গতকাল সোমবার সকাল সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এ ঘটনা ঘটে। এর আগে ৯টায় অবস্থান কর্মসূচি শুরু করেন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা। প্রত্যক্ষদর্শীরা জানান, অবস্থান ধর্মঘট চলাকালে দুমকি উপজেলা যুবদলের বহিষ্কৃত সদস্যসচিব রিপন শরীফের ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

পাথরঘাটায় জমি বিরোধে জেলেকে পিটিয়ে হত্যা

পাথরঘাটা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় জমিসংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে প্রতিপক্ষের লাঠির আঘাতে আহত আলম ফিটার (৫২) নামে এক ব্যক্তি মারা গেছেন। তিনি পাথরঘাটা সদর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফোরকান মিয়ার বাবা এবং সদর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের হরিণঘাটা বাজার এলাকার মৃত ধলু মাঝির ছেলে। সোমবার (১১ মে) সকাল ৬টার দিকে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। এর আগে রোববার বেলা দেড়টার দিকে জমিসংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে প্রতিপক্ষের সঙ্গে সংঘর্ষে গুরুতর আহত হন তিনি। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে জমির সীমানা ও একটি নারকেলগাছ নিয়ে প্রতিবেশী আল-আমিন ও ইলিয়াসদের সঙ্গে আলম ফিটারের পরিবারের বিরোধ চলছিল। এর জেরে রবিবার বেলা দেড়টার দিকে দুই পক্ষের মধ্যে কথা-কাটাকাটির একপর্যায়ে সংঘর্ষ বাধে। এ সময় প্রতিপক্ষের লাঠির আঘাতে গুরুতর আহত হন আলম ফিটার। পরে স্বজনেরা তাঁকে উদ্ধার করে প্রথমে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে অবস্থার ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কার্যকর নিয়ন্ত্রণ জরুরি

নিত্যপণ্যের বাজার দ্রুত অস্থিতিশীল হয়ে পড়ছে। পাইকারি বা খুচরা উভয় ক্ষেত্রেই দাম লাফিয়ে বাড়ছে। প্রকাশিত খবরে বলা হয়, গত তিন মাসে নতুন করে দাম বেড়েছে চাল, ডিম, ভোজ্যতেল, সবজি, মাছ-মাংস, এলপিজি গ্যাসসহ প্রায় সব পণ্যের। এতে নিম্নবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো সবচেয়ে বেশি বিপাকে পড়েছে। রাজধানীর খুচরা বাজারে গত তিন মাসের ব্যবধানে কয়েকটি সবজির দাম সর্বোচ্চ ১৬৭ শতাংশ পর্যন্ত বেড়েছে। রান্নায় ব্যবহৃত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) ১২ কেজির সিলিন্ডারের দাম ৪৩ শতাংশ পর্যন্ত বেড়েছে। বাজারে পণ্যের দাম বাড়ানোর জন্য অজুহাতের অভাব হয় না। এখন বড় অজুহাত হচ্ছে মধ্যপ্রাচ্য যুদ্ধ। গত ১৯ এপ্রিল লিটারপ্রতি ডিজেলের দাম বাড়িয়ে ১১৫ টাকা করা হয়। ব্যবসায়ীদের দাবি, এ জন্য পরিবহন খরচ বেড়ে গেছে এবং জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। আর সে কারণে কি বাজারে ফার্মের মুরগির ডিমের দাম ২২ শতাংশ পর্যন্ত বেড়ে গেছে? কিন্তু এই বৃদ্ধি কতটা যৌক্তিক, তা দেখার কোনো উদ্যোগ বা নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই। পণ্যের দামের ক্ষেত্রে পরিবহন খরচ বৃদ্ধি কত শতাংশ প্রভাব ফেলতে পারে, তা নির্ণয় করা হয় না। ফলে যে যার মতো সুবিধা নিচ্ছে। আবার সবজি ব্যবসায়ীরা বলছেন, বৃষ্টির কারণে সরবরাহ কমেছে এবং পরিবহন ব্যয় বেড়েছে। ফলে মৌসুমি সবজির উৎপাদন বাড়লেও দাম কমছে না। এ কারণে কাঁচা পেঁপের দাম ১৬৭ শতাংশ পর্যন্ত বাড়তে পারে? কিংবা বেগুনের দাম কেন ১০০ শতাংশ পর্যন্ত বাড়বে? গত বুধবার প্রকাশিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হালনাগাদ ভোক্তা মূল্যসূচক (সিপিআই) প্রতিবেদনে দেখা যায়, ২০২৬ সালের এপ্রিলে দেশের গড় মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯.০৪ শতাংশে, যা মার্চে ছিল ৮.৭১ শতাংশ। এই হার মানে গত বছরের এপ্রিল মাসে যে পণ্য বা সেবা ১০০ টাকায় কেনা যেত, তা কিনতে এখন খরচ করতে হচ্ছে ১০৯ টাকা চার পয়সা। ভোক্তারা এলপি গ্যাসের মূল্যবৃদ্ধি নিয়ে সবচেয়ে বেশি ভোগান্তি পোহাচ্ছে। সম্প্রতি দুই দফায় বাড়ানো হয়েছে এলপি গ্যাসের দাম। এতে ১২ কেজির সিলিন্ডারের দাম এক হাজার ৩৫৬ থেকে বেড়ে হয়েছে এক হাজার ৯৪০ টাকা। কিন্তু সেই দামেও সিলিন্ডার পাওয়া যায় না। দোকানগুলোতে দাম নেওয়া হয় দুই হাজার ২০০ টাকার মতো। এভাবে ক্রমাগত দাম বাড়লেও মানুষের আয় কি একই হারে বাড়ছে? না, বাড়ছে না। ফলে মানুষের ভোগান্তি বাড়ছে এবং কমছে শরীরের জন্য প্রয়োজনীয় পুষ্টির চাহিদা পূরণের ক্ষমতা। আবার অপুষ্টির শরীরে বাড়ছে রোগ-ব্যাধির হানা। শুধু তা-ই নয়, চিকিৎসার ব্যয়ও দ্রুত বাড়ছে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক গবেষণায় উঠে এসেছে, সাধারণ মানুষের চিকিৎসা ব্যয়ের চাপ আশঙ্কাজনকভাবে বেড়েছে। বর্তমানে দেশের মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৯ শতাংশই মানুষকে নিজের পকেট থেকে বহন করতে হচ্ছে। এতে দরিদ্র পরিবারগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের আয়ের প্রায় ৩৫ শতাংশ পর্যন্ত স্বাস্থ্য ব্যয়ে চলে যাচ্ছে। অনেক পরিবার চিকিৎসা করাতে গিয়ে নিঃস্ব হয়ে যাচ্ছে। আবার অনেকে অর্থাভাবে চিকিৎসাও নিচ্ছে না। গ্যাস্ট্রিক, রক্তচাপ, বাতজ্বর, হাঁপানি ও ডায়াবেটিসের মতো দীর্ঘমেয়াদি রোগে ভুগলেও ৮০ শতাংশের বেশি মানুষ চিকিৎসা নেয় না বলেও তথ্য পাওয়া যায়। অর্থনীতিবিদ ও ভোক্তা অধিকার সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, কার্যকর বাজার তদারকি অত্যন্ত জরুরি। নিত্যপণ্যে কর-ভ্যাট কমাতে হবে। টিসিবি এবং ওএমএস কার্যক্রম বাড়ানোর পাশাপাশি মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নিতে হবে।

গর্ভের সন্তান ছেলে

এখন থেকে গর্ভের সন্তান ছেলে না মেয়ে, তা আর প্রকাশ করা যাবে না বলে উচ্চ আদালত নির্দেশ দিয়েছেন। রায় প্রকাশের বিষয়টি নিশ্চিত করেন রিটকারী আইনজীবী অ্যাডভোকেট ইশরাত হাসান। সোমবার (১১ মে) হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চের বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের সমন্বয়ে গঠিত বেঞ্চের দেওয়া রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি প্রকাশ করা হয়। এর আগে ২০২৪ সালের ২৫ ফেব্রুয়ারি আদালত সংক্ষিপ্ত রায় ঘোষণা করেছিলেন। হাইকোর্টের এই রায়কে ঐতিহাসিক বলে মনে করেন রিটকারি আইনজীবী ইশরাত হাসান। রায়ে আদালত বলেন, অনাগত শিশুর লিঙ্গ নির্ধারণ ও প্রকাশ নারীর প্রতি বৈষম্যকে উৎসাহিত করে, কন্যাশিশু হত্যার প্রবণতা বাড়ায়, সামাজিক ভারসাম্য নষ্ট করে এবং সাংবিধানিক অধিকারের পরিপন্থি। আদালতের পর্যবেক্ষণে বলা হয়, এ ধরনের চর্চা নারীর মর্যাদা, সমতা ও জীবনের অধিকারের বিরুদ্ধে যায়। একইসঙ্গে এটি আন্তর্জাতিক মানবাধিকার বাধ্যবাধকতারও লঙ্ঘন। হাইকোর্ট আরও বলেন, বাংলাদেশে এ বিষয়ে দীর্ঘদিন কার্যকর নিয়ন্ত্রণ, মনিটরিং ও জবাবদিহিমূলক ব্যবস্থা অনুপস্থিত ছিল। শুধু একটি গাইডলাইন প্রণয়ন করলেই দায়িত্ব শেষ হয় না। বাস্তবায়নযোগ্য নীতিমালা, ডিজিটাল নজরদারি এবং কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা ছাড়া ভ্রূণের লিঙ্গ নির্ধারণ ও প্রকাশের মতো অনৈতিক কার্যক্রম বন্ধ করা সম্ভব নয়। এর আগে, মায়ের গর্ভে থাকা শিশুর লিঙ্গ শনাক্ত ও পরিচয় প্রকাশ করা যাবে না বলে রায় দিয়েছেন হাইকোর্ট। গর্ভের শিশুর লিঙ্গ পরিচয় রোধে নীতিমালা বা নির্দেশনা তৈরি করতে বিবাদীদের ব্যর্থতা কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে জারি রুলের চূড়ান্ত শুনানি শেষে এ রায় দেন আদালত।

গণভোটের রায় অস্বীকার

পাঁচ কোটি মানুষের গণভোটের রায়কে অস্বীকার করে দেশে নতুন সংকট তৈরি করবেন না। ইতিহাস থেকে শিক্ষা নিন, তা না হলে অতীতে যারা কর্তৃত্ববাদী ও ফ্যাসিবাদী শাসনের পথ বেছে নিয়েছিল, তাদের মতো পরিণতি ভোগ করতে হবে। নগরের ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, চট্টগ্রাম মিলনায়তনে আয়োজিত 'গণভোটের রায় জনগণের সার্বভৌম অভিপ্রায়ের বহিঃপ্রকাশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সালাহউদ্দিন আহমদ জুলাই সনদ অক্ষরে অক্ষরে পালনের ঘোষণা দিয়েছেন। প্রধানমন্ত্রীও বিভিন্ন সময় একই ধরনের বক্তব্য দিয়েছেন। কিন্তু গণভোটের রায় বাস্তবায়নের বিষয়ে স্পষ্ট প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে না। বিএনপি জুলাই সনদকে জুলাইয়ের চেতনার পরিবর্তে নিজেদের মতো করে বাস্তবায়ন করতে চায় বলেও অভিযোগ করেন তিনি। গোলাম পরওয়ার বলেন, বিএনপি জুলাই সনদে যে ১০টি বিষয়ে 'নোট অব ডিসেন্ট' দিয়েছে, সেগুলোই ভবিষ্যতে স্বৈরাচার সৃষ্টির হাতিয়ার হতে পারে। তবে দেশের ৭০ শতাংশ মানুষ গণভোটে 'হ্যাঁ' ভোট দিয়ে এসব প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। তিনি আরও বলেন, বল এখন জামায়াতের কোর্টে নেই, বল আপনাদের কোর্টে। আপনারা ভুল করলে সেই বল আপনাদের বারেই ঢুকে যাবে। সেমিনারে সভাপতিত্ব করেন মুহাম্মদ নজরুল ইসলাম এবং সঞ্চালনা করেন মুহাম্মদ নুরুল আমিন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন মুহাম্মদ শাহজাহান, শাহজাহান চৌধুরী, মাওলানা জহিরুল ইসলাম, বেলায়েত হোসেন, সরোয়ার তুষার ও মুহাম্মদ শহীদুল ইসলাম। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সুপ্রিম কোর্টের আইনজীবী শিশির মনির। আরও বক্তব্য দেন বাংলাদেশ খেলাফত মজলিস চট্টগ্রাম মহানগরীর সভাপতি মাওলানা এমদাদ উল্লাহ সোহাইল, এনসিপির নেতা ও চট্টগ্রাম মহানগরীর যুগ্ম সমন্বয়ক মীর শোয়াইব ও আরিফ মঈনউদ্দীন, খেলাফত মজলিস চট্টগ্রাম উত্তর জেলা নায়েবে আমির মুফতি শিহাবুদ্দিন, বাংলাদেশ নেজাম ইসলাম পার্টির চট্টগ্রাম মহানগরীর আমির মাওলানা জিয়াউল হোসাইন, জাতীয় গণতান্ত্রিক পার্টির মহানগরীর সভাপতি আবু মোজাফফর মুহাম্মদ আনাস, লিবারেল ডেমোক্রেটিক পার্টির মহানগরীর সভাপতি সৈয়দ গিয়াস উদ্দিন আলম, বাংলাদেশ ডেভেলপমেন্ট পার্টির চট্টগ্রাম মহানগরীর সহ-সভাপতি অ্যাডভোকেট আব্দুল মোতালেব, লেবার পার্টির চট্টগ্রাম মহানগরীর সহ-সভাপতি মুহাম্মদ মুজিবুর রহমান, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি মোহাম্মদ উল্লাহ, ফয়সাল মুহাম্মদ ইউনুস, মহানগরীর সাংগঠনিক সম্পাদক চসিক মেয়র প্রার্থী অধ্যক্ষ শামসুজ্জামান হেলালী প্রমুখ।

ব্রেইন ড্রেইন নয়, রিভার্স

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, 'ব্রেইন ড্রেইন নয়, রিভার্স ব্রেইন ড্রেইন' করতে হবে। সোমবার রাজধানীর রেডিসন ব্লু হোটেলে পাকিস্তান-বাংলাদেশ নলেজ করিডরের দ্বিতীয় পর্বের উদ্বোধনী অনুষ্ঠান ও এডুকেশন এক্সপোর উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, 'আমাদের দেশের সন্তানেরা বাইরে গিয়ে উচ্চ শিক্ষিত হবে এবং সেখান থেকে আবার দেশে ফিরে আসবে। এসে দেশ সেবায়, মানবতার সেবায় কাজ করবে। সেভাবেই আমাদের দেশের উন্নয়ন হবে।' এডুকেশন এক্সপোতে পাকিস্তানের মোট ২০টি বিশ্ববিদ্যালয় অংশ নিচ্ছে। উদ্বোধন ঘোষণার পর এডুকেশন এক্সপো পরিদর্শন করে পাকিস্তানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা করেন মন্ত্রী। পাকিস্তান আল্লামা ইকবাল স্কলারশিপের আওতায় আগামী পাঁচ বছরে ৫০০ বাংলাদেশি শিক্ষার্থীকে পর্যায়ক্রমে দেশটিতে উচ্চশিক্ষার সুযোগ দেওয়ার পরিকল্পনা করেছে। ইতিমধ্যে প্রথম পর্যায়ে পরীক্ষার মাধ্যমে বাছাই করে ৭৪ বাংলাদেশি শিক্ষার্থীকে উচ্চশিক্ষার জন্য বৃত্তি দেওয়া হয়েছে। তাঁরা এখন পাকিস্তানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় অধ্যয়নরত। বিনা মূল্যে উচ্চশিক্ষার সুযোগে পাশাপাশি তাঁরা মাসিক ৪০ হাজার টাকা বৃত্তি বাবদ পাচ্ছেন। বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য বিনা খরচে উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি করায় পাকিস্তানকে স্বাগত জানান শিক্ষামন্ত্রী। এর আগে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আ ন ম এহছানুল হক মিলন বলেন, বাংলাদেশ-পাকিস্তান নলেজ করিডর শিক্ষা ও গবেষণার নতুন দিগন্ত উন্মোচন করবে। শিক্ষা খাতে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যকার সম্পর্ক দিন দিন জোরদার হচ্ছে। ভবিষ্যতে দুই দেশের সম্পর্কের অগ্রগতিতে শিক্ষা কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব আব্দুল খালেক বিশেষ অতিথি ছিলেন।

অপরাধীর পরিচয় কেবলই

থেমে গেলে চলবে না। যে অপরাধী, তাকে অপরাধী হিসেবেই বিবেচনা করতে হবে। তিনি বলেন, 'আপনারা আইনের লোক, কোনো বিশেষ দলের নন। কারো রাজনৈতিক পরিচয় বা প্রভাবশালী পরিচয় দেখে থমকে যাবেন না। যে অপরাধী, তাকে অপরাধী হিসেবেই গণ্য করবেন।' সোমবার (১১ মে) সকালে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে পুলিশ সপ্তাহ-২০২৬ উপলক্ষে আয়োজিত ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সম্মেলনে তিনি এসব কথা বলেন। দুর্নীতি, সন্ত্রাস ও দুঃশাসনের বিরুদ্ধে বর্তমান সরকার আপসহীন উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, একটি নিরাপদ ও মানবিক বাংলাদেশ গড়তে হলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করাই হবে প্রথম কাজ। পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, প্রশাসনের প্রতিটি পদই গুরুত্বপূর্ণ। শুধুমাত্র পদোন্নতি বা পছন্দের জায়গায় পদায়নের জন্য তদবির করা পেশাদারিত্বের সঙ্গে আপস করার নামান্তর। তিনি বলেন, 'হয়তো চাহিদামতো পোস্টিং পেলে আপনি সাময়িকভাবে তুষ্ট হবেন, কিন্তু এটি আপনার পেশাদারিত্বের ক্ষতি করে। যার যেখানে দায়িত্ব অর্পিত হয়েছে, সেখানেই গুরুত্বের সঙ্গে কাজ করুন।' তিনি স্মরণ করিয়ে দেন, সরকার যেমন পাঁচ বছরের জন্য নির্বাচিত, তেমনি প্রশাসনের কোনো পদই কারো জন্য চিরস্থায়ী নয়। প্রযুক্তিগত উন্নয়নের সঙ্গে সঙ্গে অপরাধের ধরন পাল্টে যাওয়ার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে পুলিশিং আর কেবল শহর বা জেলার গণ্ডিতে সীমাবদ্ধ নেই। 'ট্রান্সন্যাশনাল অর্গানাইজড ক্রাইম (আন্তর্জাতিক সংঘবদ্ধ অপরাধ)' এখন বড় বাস্তবতা। কয়েক দশক আগের তুলনায় বর্তমানের চ্যালেঞ্জ অনেক বেশি বিস্তৃত। তাই প্রতিটি পুলিশ কর্মকর্তাকে আধুনিক প্রযুক্তিতে দক্ষ এবং বহুমুখী প্রতিভার অধিকারী হতে হবে। সময়ের এই দাবি পূরণ করতে না পারলে অপরাধ নিয়ন্ত্রণ অসম্ভব হয়ে পড়বে। প্রধানমন্ত্রী বক্তব্যে বিগত দেড় দশকের ফ্যাসিবাদী শাসনের ফলে সৃষ্ট ভঙ্গুর অর্থনীতির চিত্র তুলে ধরেন। অডিটর জেনারেলের প্রতিবেদনের উদ্ধৃতি দিয়ে তিনি কয়েকটি চাঞ্চল্যকর দুর্নীতির তথ্য প্রকাশ করেন।

২২৭৬ নেতাকর্মীকে গুম-হত্যার

দমন-পীড়নের শিকার করা হয়। আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, কৃষকলীগসহ সহযোগী সংগঠনের নেতাকর্মী এবং কিছু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় বিএনপি নেতাকর্মীদের অপহরণ করে গুম, নির্যাতন ও দীর্ঘদিন আটক রেখে ক্রসফায়ারের নামে হত্যা করা হয়। ওই সময়কালে শুধু ক্রসফায়ারের নামেই ২২৭৬ জনকে হত্যা করা হয়। এর মধ্যে ১৭৭৬ জন ছিলেন বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মী। বিএনপির পক্ষ থেকে আরও বলা হয়, ২০২৫ সালের ৮ জানুয়ারি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তৎকালীন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলামের কাছে ২৪৩ পৃষ্ঠার একটি অভিযোগপত্র ও প্রয়োজনীয় তথ্যপ্রমাণ জমা দেওয়া হয়েছিল। তিনি ন্যায়বিচারের আশ্বাস দিয়েছিলেন। তবে এখন পর্যন্ত মামলার কোনো অগ্রগতি না হওয়ায় একাধিকবার লিখিত তাগিদ দেওয়ার পরও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। আবেদনে দলটি দাবি করে, বিএনপিকে নিশ্চিহ্ন ও ধ্বংস করার লক্ষ্যেই পরিকল্পিতভাবে নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা ও কাল্পনিক ঘটনা সাজিয়ে ক্রসফায়ারের নামে হত্যা করা হয়েছে। নিহতদের পরিবার এখনও ন্যায়বিচারের অপেক্ষায় রয়েছে বলেও এতে উল্লেখ করা হয়। এছাড়া তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে বিচার কার্যক্রম শুরুর অনুরোধ জানানো হয়।

সাবেক যুবদল নেতার নেতৃত্বে শিক্ষক

নেতৃত্বে বহিরাগতরা এসে আন্দোলনকারীদের ওপর হামলা করে এবং ক্যাম্পাসে ভাঙচুর চালায়। এ সময় বিশ্ববিদ্যালয় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। আহতদের মধ্যে কয়েকজনকে স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে। আহত শিক্ষকদের মধ্যে রয়েছেন, পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজের ডিন অধ্যাপক ড. আতিকুর রহমান, প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল মালেক, অধ্যাপক ড. এবিএম সাইফুল ইসলাম, প্রক্টর অধ্যাপক আবুল বাশার খান, অধ্যাপক ড. খোকন হোসেন, অধ্যাপক ড. আব্দুর রশিদ, অধ্যাপক ড. স্বপন কুমার ফৌজদার, অধ্যাপক ড. এম এইচ কাউসার এবং অধ্যাপক ড. তন্বী চন্দ। আহত কর্মকর্তাদের মধ্যে রয়েছেনড়মো. জসিম উদ্দিন, পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ) ; ড. হাচিব মো. তুষার, পরিচালক, অফিস অব দ্য ইন্টারন্যাশনাল স্টুডেন্ট অ্যাফেয়ার্স; ড. শফিকুল ইসলাম, ডেপুটি রেজিস্ট্রার; আরিফুর রহমান, প্রধান খামার তত্ত্বাবধায়ক; মাহমুদ আল জামান, সহকারী রেজিস্ট্রার; ড. আমিনুল ইসলাম, ডেপুটি রেজিস্ট্রার; ড. রাহাত মাহমুদ, ডেপুটি রেজিস্ট্রার; আবু বকর সিদ্দিক, পরিচালক, টিএসসি; রিয়াজ কাঞ্চন, সহকারী রেজিস্ট্রার এবং এ কে এম শাহাদাত হোসেন মিয়া, সেকশন অফিসার। এদিকে এ ঘটনায় শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। আন্দোলনকারীরা জানান, উপাচার্য রফিকুল ইসলাম বহিরাগতদের দিয়ে শিক্ষক কর্মকর্তাদের ওপর হামলা করান। ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন যুগ্ম সাধারণ সম্পাদক ও পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ ডিন অধ্যাপক ড. মুহাম্মদ আতিকুর রহমান বলেন, 'আমাদের বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন যাবৎ স্থবির হয়ে রয়েছে। আমাদের শিক্ষক কর্মকর্তাদের উপাচার্য হয়রানি করে আসছেন এবং বিভিন্ন অনিয়ম দুর্নীতি নিয়ে আমরা উপাচার্যের সঙ্গে বসার জন্য আজকে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি শুরু করেছিলাম। তবে হঠাৎ করে ভিসি বহিরাগত রিপন শরীফকে দিয়ে আমাদের ওপর হামলা করিয়েছেন।' অভিযোগের বিষয়ে দুমকি উপজেলা যুবদলের বহিষ্কৃত নেতা রিপন শরীফ ক্যাম্পাসে উপস্থিত হয়ে তাৎক্ষণিক বলেন, 'কিছু শিক্ষক তাঁদের পছন্দের ভিসি না হলে মব সৃষ্টি করেন। একটি চক্র এখনো বিশ্ববিদ্যালয়ের ভেতরে সক্রিয় রয়েছে। তাই তাদের থামানো হয়েছে।' এ সময় লোকজন নিয়ে বিভিন্ন স্লোগান দেন তিনি। দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সেলিম উদ্দীন বলেন, 'ভিসির বিভিন্ন অনিয়মের অভিযোগে অপসারণ দাবিতে মানববন্ধন চলছিল। এ সময় বিপরীত পক্ষের লোকজন এসে হামলা চালায় এবং চেয়ার ভাঙচুর করে। বিশ্ববিদ্যালয়ের ভেতরে পুলিশ অবস্থান করতে পারে না, তাই বাইরে থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা হয়। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে এবং পুলিশ মোতায়েন আছে।' অভিযোগের বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. কাজী রফিকুল ইসলাম বলেন, 'আমি সকালে ক্যাম্পাসে গিয়ে জরুরি কাজে বের হয়ে আসছি। পরে জানতে পারি এমন ঘটনা ঘটেছে। তবে হামলাকারীদের সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই, তাদের চিনিও না।' এদিকে উপাচার্যের (ভিসি) অপসারণ দাবিতে চলমান আন্দোলনে শিক্ষকদের ওপর হামলার ঘটনায় দুমকি উপজেলা যুবদলের দুই নেতাকে বহিষ্কার করেছে কেন্দ্রীয় যুবদল। একইসঙ্গে বহিষ্কৃত সাবেক সদস্য সচিব রিপন শরীফসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয়েছে। সোমবার (১১ মে) কেন্দ্রীয় যুবদলের দপ্তর থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, সংগঠনের শৃঙ্খলা ভঙ্গ ও দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে দুমকি উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আহসান ফারুক ও সুলতান শওকত হোসেনকে বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি পবিপ্রবিতে শিক্ষকদের ওপর হামলার ঘটনায় বহিষ্কৃত সাবেক সদস্য সচিব রিপন শরীফসহ জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

২৫ চেয়ারম্যান ও ৭ ডিনের

বিভাগের চেয়ারম্যান ও সাতজন ডিন পদত্যাগ করেছেন। বিষয়টি নিশ্চিত করে আন্দোলনকারী শিক্ষকদের নেতৃত্বদানকারী বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাফিজ আশরাফুল হক বলেন, প্রশাসনিক দপ্তরগুলোর দায়িত্বে থাকা শিক্ষকরা ইতোমধ্যে পদত্যাগ করেছেন। সোমবার ২৫টি বিভাগের চেয়ারম্যান ও সাতজন ডিন পদত্যাগ করেছেন। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক ক্লাস, পরীক্ষা ও অন্যান্য কার্যক্রমে অংশ নেবেন না। উপাচার্য স্বেচ্ছাচারিতা বন্ধ না করা পর্যন্ত আন্দোলন চলবে বলেও জানান তিনি। সোমবার (১১ মে) সকাল ৯টায় পদোন্নতির দাবিতে আন্দোলনকারী শিক্ষকরা উপাচার্যকে বিশ্ববিদ্যালয়ে অবাঞ্ছিত ঘোষণা করে প্রশাসনিক ভবন-১এ অবস্থান নেন। এক ঘণ্টা অবস্থান কর্মসূচি পালনের পর সকাল ১০টার দিকে শিক্ষকদের একটি অংশ রেজিস্ট্রার কার্যালয়ে যান। এ সময় তারা রেজিস্ট্রারকে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনায় উপাচার্যের সঙ্গে অসহযোগিতা করার আহ্বান জানান। এক পর্যায়ে শিক্ষকদের চাপের মুখে রেজিস্ট্রার তার কার্যালয় ত্যাগ করেন। পরে রেজিস্ট্রার কার্যালয়সহ বিভিন্ন দপ্তরে তালা ঝুলিয়ে দেওয়া হয়। রেজিস্ট্রার কার্যালয়ে তালা দেওয়ার বিষয়ে মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল কাইউম বলেন, 'আমরা কোনো কর্মকর্তার দপ্তরে সরাসরি তালা ঝুলাইনি। তবে আমাদের নির্দেশনায় প্রশাসনিক দপ্তরগুলো তালাবদ্ধ করা হয়েছে। কর্মচারীরা বিভিন্ন দপ্তরে তালা ঝুলিয়েছেন, কারণ তারা এই আন্দোলনের সঙ্গে একমত পোষণ করেছেন। আন্দোলনকারী শিক্ষক ও ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. ধীমান কুমার রায় বলেন, আমরা উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করেছি। তাকে আমরা প্রশাসনিকভাবে কোনো সহযোগিতা করব না। বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্ব পালনকারী শিক্ষকরা পদত্যাগ করছেন। পদোন্নতি বোর্ড বসানোর ছয় মাস পেরিয়ে গেলেও উপাচার্য বিষয়টি ঝুলিয়ে রেখেছেন। তাই আমরা প্রশাসনিক দপ্তরগুলোতে তালা ঝুলিয়ে দিয়েছি। উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম বলেন, সব বিষয় আলোচনার মাধ্যমে সমাধান করা যায়। শিক্ষার্থীদের ক্ষতি করে এ ধরনের আন্দোলন সমীচীন নয়। কেউ আন্দোলন করলে ব্যক্তিগতভাবে কর্মবিরতি পালন করতে পারে। তবে অন্যের কাজে বাধা দেওয়া ও কাউকে কাজ থেকে বিরত রাখা সম্পূর্ণ আইনবিরোধী। এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত না থাকলে আমরা আইনগত ব্যবস্থা নেব।

হামের উপসর্গে আরও

থেকে এ পর্যন্ত হামে ৬৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ৩৫০ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ছয় হাজার ৯৩৭ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫০ হাজার ৫০০ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩৫ হাজার ৯৮০ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ৩১ হাজার ৯৯২ জন।

বাংলাদেশের মানুষ কাঁটাতার

বাংলাদেশের মতো দেশকে এখন আর ডর (ভয়) দেখানোর মতো জায়গা নেই। সোমবার (১১ মে) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ প্রতিক্রিয়া জানান প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা। হুমায়ুন কবির বলেন, কাঁটাতার দিয়ে বাংলাদেশের মতো দেশকে এখন আর ডর (ভয়) দেখানোর মতো জায়গা নেই। যদি মানুষের সঙ্গে সম্পর্ক করতে চান, বাংলাদেশের মানুষ কাঁটাতার ভয় পায় না। সরকারও কাঁটাতার ভয় পায় না। যেখানে আমাদের কথা বলা দরকার, আমরা কথা বলব।

গাজায় ধ্বংসস্তূপের নিচে

তবে ধ্বংসস্তূপ সরাতে উপযোগী ভারী যন্ত্রপাতি গাজায় প্রবেশের অনুমতি দিচ্ছে না ইসরায়েল। প্রতিবেদনে বলা হয়, ইসরায়েলি বাহিনী কেবল ইঁদুরনাশক প্রবেশের অনুমতি দিয়েছে। জাতিসংঘের তথ্য অনুযায়ী, গাজায় এখনো ৬ কোটি ১০ লাখ মেট্রিক টনের বেশি ধ্বংসস্তূপ রয়ে গেছে যার মাত্র ১ শতাংশ এখন পর্যন্ত অপসারণ করা হয়েছে। ইসরায়েলি বিমান হামলা, স্থলযুদ্ধ এবং নিয়ন্ত্রিত বিস্ফোরণের ফলে গাজায় ১ লাখ ২৩ হাজারের বেশি ভবন সম্পূর্ণ ধ্বংস হয়েছে এবং আরও ৭৫ হাজার ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। এটি গাজা উপত্যকার মোট স্থাপনার প্রায় ৮১ শতাংশ। দ্য ওয়াল স্ট্রিট জার্নালের এক হিসাব অনুযায়ী, পুরো গাজা পরিষ্কার করতে ১০০ কোটি ডলারেরও বেশি ব্যয় হতে পারে। ২০২৫ সালের ৯ অক্টোবর মিশর, কাতার, যুক্তরাষ্ট্র ও তুরস্কের মধ্যস্থতায়, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রস্তাবিত শান্তি পরিকল্পনার প্রথম ধাপ বাস্তবায়নে সম্মত হয় ইসরায়েল ও হামাস। পরদিন ১০ অক্টোবর গাজায় যুদ্ধবিরতি কার্যকর হয়। উল্লেখ্য, ২০২৩ সালের ৭ অক্টোবর হামাস যোদ্ধারা গাজা থেকে ইসরায়েলি ভূখণ্ডে আকস্মিক হামলা চালায়। এতে সীমান্তবর্তী ইসরায়েলি বসতিগুলোর বাসিন্দারা নিহত হন এবং বহু মানুষকে জিম্মি করা হয়। এর জবাবে হামাসের সামরিক ও রাজনৈতিক কাঠামো ধ্বংস এবং জিম্মিদের মুক্ত করতে গাজায় সামরিক অভিযান শুরু করে ইসরায়েল। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য মতে, ইসরায়েলি বাহিনীর এসব হামলায় গাজায় এখন পর্যন্ত ৭২ হাজারের বেশি মানুষ নিহত হয়েছে। এছাড়া আহত হয়েছে ১ লাখ ৭৩ হাজারের বেশি মানুষ।

বরিশালে মাদক ও হানিট্র্যাপসহ

পিস ইয়াবাসহ রোহিঙ্গা তরুণী জাহিদা বেগমকে (২০) গ্রেপ্তার করা হয়। গত শনিবার (৯ মে) নগরীর রসুলপুর এলাকায় অভিযানে ১ হাজার ৫৮ পিস ইয়াবা, ১.৫৮০ কেজি গাঁজা এবং নগদ ৬ লাখ ৯৯ হাজার ৮৩০ টাকাসহ সোহাগী বেগমকে (২৮) গ্রেপ্তার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা জানান, নারী সদস্যদের ক্ষেত্রে তল্লাশিতে তুলনামূলক শিথিলতা থাকায় মাদকচক্রগুলো তাদের বাহক হিসেবে ব্যবহার করছে। নারীদের ব্যবহার করে হানিট্র্যাপের মাধ্যমে অর্থ আদায়ের চক্রও বরিশালে সক্রিয়। গত ৭ মার্চ নগরীর গির্জা মহল্লার একটি আবাসিক হোটেল থেকে মিলিতা দত্ত ওরফে ম্যালাইসা (২১) ও হোটেল কর্মচারী সান্টু হাওলাদারকে গ্রেপ্তার করা হয়। জিজ্ঞাসাবাদে তারা সংঘবদ্ধ হানিট্র্যাপ চক্রের সদস্য বলে স্বীকার করেছেন বলে পুলিশ জানিয়েছে। জেলা প্রশাসনের সাম্প্রতিক আইনশৃঙ্খলা সভার তথ্যে দেখা যায়, শুধু জানুয়ারি মাসেই বরিশাল মহানগরে ৩১টি এবং জেলার বিভিন্ন উপজেলায় ৫০টি মাদকসংক্রান্ত মামলা রেকর্ড হয়েছে। পাশাপাশি নারী নির্যাতন, কিশোর অপরাধ ও সহিংস কর্মকাণ্ডের ঘটনাও আশঙ্কাজনক হারে বাড়ছে বলে সভায় উল্লেখ করা হয়। বাংলাদেশ মহিলা পরিষদ বরিশাল জেলা শাখার সভাপতি অধ্যাপিকা শাহ সাজেদা বলেন, শুধু আইন প্রয়োগে এই পরিস্থিতি নিয়ন্ত্রণ সম্ভব নয়। তরুণ সমাজকে ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা, পারিবারিক নৈতিক শিক্ষা জোরদার করা এবং মাদকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা) পলাশ কান্তি নাথ বলেন, দারিদ্র্য, পারিবারিক সহিংসতা, প্রযুক্তির অপব্যবহার ও প্রলোভনের কারণে নারীরা অপরাধে জড়িয়ে পড়ছেন। নারীদের অর্থনৈতিক স্বাবলম্বিতা নিশ্চিত করা এবং সামাজিক সচেতনতা বাড়ানোর পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তরগুলোকে সমন্বিতভাবে কাজ করতে হবে। বরিশাল জেলার পুলিশ সুপার এ জেড এম মোস্তাফিজুর রহমান বলেন, মাদকসহ অন্যান্য অপরাধ দমনে জেলা পুলিশ জিরো টলারেন্স নীতিতে কাজ করছে। সমাজের সর্বস্তরের মানুষের অংশগ্রহণে মাদকবিরোধী আন্দোলন গড়ে তুলতে হবে।

পাথরঘাটায় জমি বিরোধে

অবনতি হলে চিকিৎসক তাঁকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। পরবর্তী সময়ে উন্নত চিকিৎসার জন্য রাতেই ঢাকায় নেওয়া হলে সোমবার সকালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। এ ঘটনায় আহত হয়েছেন নিহত ব্যক্তির ছেলে তাওহীদ, পুত্রবধূ আদুরি ও স্ত্রী ফরিদা বেগম। তাঁরা বর্তমানে পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। নিহত ব্যক্তির পরিবারের অভিযোগ, প্রায় এক মাস আগে স্থানীয়ভাবে সালিসের মাধ্যমে জমিসংক্রান্ত বিরোধ মীমাংসা করা হলেও প্রতিপক্ষ সেই সিদ্ধান্ত মানেনি। তাদের দাবি, নারকেলগাছকে কেন্দ্র করে পূর্বপরিকল্পিতভাবে আলম ফিটারের ওপর হামলা চালানো হয়। এ ঘটনায় আল-আমিন, ইলিয়াস, নিজাম, ইব্রাহিম, সাইফুল, ইউনুস বয়াতি, আবু সালেহ, কহিনুরসহ কয়েকজন জড়িত ছিলেন বলে অভিযোগ করেছেন স্বজনেরা। নিহত আলম ফিটারের ছেলে ও সদর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফোরকান মিয়া বলেন, 'রাজনৈতিক সম্পৃক্ততার কারণে গত ৫ আগস্টের পর থেকে আমরা বিভিন্ন ধরনের চাপ ও হুমকির মধ্যে ছিলাম। প্রতিপক্ষরা বর্তমান ক্ষমতাসীন দলের প্রভাব খাটিয়ে স্থানীয় সালিসের সিদ্ধান্ত উপেক্ষা করে আমার বাবার ওপর হামলা চালানোর সাহস পেয়েছে। আমি আমার বাবার হত্যাকারীদের দৃষ্টান্তমূলক বিচার চাই।' এ বিষয়ে প্রতিপক্ষের কারও কোনো বক্তব্য পাওয়া যায়নি। বরগুনার অতিরিক্ত পুলিশ সুপার (পাথরঘাটা সার্কেল) মোহাম্মদ শাহেদ বলেন, জমির সীমানা নিয়ে উভয় পক্ষের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। এ বিষয়কে কেন্দ্র করেই দুই পক্ষ মারামারিতে জড়িয়ে পড়ে। ঘটনায় রাজনৈতিক প্রভাব বা সংশ্লিষ্টতার অভিযোগের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, বিষয়টি তদন্তাধীন রয়েছে। তদন্তে এ ধরনের কোনো তথ্য পাওয়া গেলে তা জানানো হবে। পাশাপাশি ঘটনায় জড়িতদের আইনের আওতায় আনার চেষ্টা চলছে।

বরিশালে আকস্মিক পরিদর্শনে

অভিযোগ পেয়েছি। তিনি বলেন, রোগীদের অভিযোগ রয়েছে- হাসপাতালে দালালদের অবাধ যাতায়াত রয়েছে এবং তারা রোগীদের বিভিন্ন বেসরকারি ক্লিনিক ও হাসপাতালে নেওয়ার চেষ্টা করে। এসব দালালের বিরুদ্ধে দ্রুত অভিযান পরিচালনা করে তাদের আটক করার নির্দেশ দেওয়া হয়েছে। হাসপাতালের ভেতর ও বাইরের অপরিচ্ছন্ন পরিবেশ নিয়েও ক্ষোভ প্রকাশ করেন মন্ত্রী। তিনি ২৪ ঘণ্টার মধ্যে হাসপাতাল পরিষ্কার-পরিচ্ছন্ন করার নির্দেশ দেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। হামের পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী বলেন, যাদের টিকা দেওয়া হয়েছে তাদের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি হতে প্রায় চার সপ্তাহ সময় লাগে। এরপর হামের পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসবে। তিনি বলেন, প্রতি চার বছর পর পর হামের টিকা কার্যক্রম পরিচালনার কথা থাকলেও ২০২০ সালের পর ধারাবাহিকতা বজায় না থাকায় বর্তমান পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বর্তমান সরকারের হাতে শুরুতে পর্যাপ্ত হামের টিকা ছিল না। তবে অল্প সময়ের মধ্যে টিকা সংগ্রহ করা হয়েছে এবং বর্তমানে রোগীর সংখ্যাও কিছুটা কমেছে। জেনারেল হাসপাতাল পরিদর্শনের পর দুপুরে স্বাস্থ্যমন্ত্রী নগরীর আমানতগঞ্জ এলাকায় উদ্বোধনের অপেক্ষায় থাকা শিশু হাসপাতাল পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে দ্রুত হাসপাতালটি চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী তিন থেকে চার মাসের মধ্যে হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে উদ্বোধন করা হবে এবং জুলাই মাসের মধ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগ দেওয়া হবে। মন্ত্রী বলেন, পূর্ববর্তী সরকার হাসপাতালটির জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ বা জনবল নিয়োগ দেয়নি। ফলে বর্তমানে স্বাস্থ্য বিভাগে জনবল সংকট তৈরি হয়েছে। পরে তিনি বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন করেন। সেখানে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম নিয়েও মন্তব্য করেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, অতীতে যারা ব্যবস্থাপনা কমিটির দায়িত্বে ছিলেন তারা স্থানীয়ভাবে অবস্থান না করে ঢাকায় থাকতেন। ফলে হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা সঠিকভাবে পরিচালিত হয়নি। হাসপাতাল ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন প্রসঙ্গে তিনি বলেন, একজন মন্ত্রীকে সভাপতি এবং স্থানীয় সংসদ সদস্যদের সদস্য করে শিগগিরই নতুন ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। এ ছাড়া, তিনি ঢাকায় ফেরার পথে কয়েকটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করবেন বলে সাংবাদিকদের জানিয়েছেন।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের

প্রশাসনকে অভিহিত করেন। প্রতিনিধি দল এ ছাড়াও বরিশালের প্রকাশনা সংস্থা পথিমিতা প্রকাশনের স্বত্বাধিকারী মৌমিতা বিনতে মিজানের সাথে প্রকাশনার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। দৈনিক কীর্তনখোলা পত্রিকা অফিসের এ মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন, কবি আল হাফিজ, কবি ও গবেষক পথিক মোস্তফা, ইতিহাসবিষয়ক গবেষক মাহমুদ ইউসুফ, কবি আহমেদ বেলাল, কবি সাইফুল্লাহ সাইফ, সাংবাদিক সুনান প্রমুখ। প্রতিনিধি দল পথিমিতা প্রকাশনের সকল বই আরকাইভস-এ জমা প্রদানের আহ্বান জানালে প্রকাশক মৌমিতা বিনতে মিজান দ্রুতই ডাকযোগে সকল বই প্রেরণের আশ্বাস প্রদান করেন। পথিমিতা প্রকাশনের সকল বইয়ের আইএসবিএন নম্বর গ্রহণ করায় তাদেরকে ধন্যবাদ প্রদান করেন কম্পাইলেশন অফিসার বাবুল আখতার। এ সময় তারা আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের ২০২৪ সালের প্রকাশিত গ্রন্থতালিকা প্রকাশক ও লেখকদের হাতে তুলে দেন। বরিশালে গ্রন্থাগার অধিদপ্তরের প্রতিনিধি দল এছাড়াও লেখক ও গবেষক আনিসুর রহমান খান স্বপন ও ফায়জুন্নাহার শেলী দম্পতিসহ অন্যান্য কবি-সাহিত্যিকদের সাথেও সাক্ষাত করেন। এই প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে আরো ছিলেন, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক শামীম আহম্মেদ, বুক সর্টার মো: মিলন আলী ও জয় চক্রবর্তী।

চরফ্যাশনে সরকারি কাজে অনিয়ম: বিএনপি নেতার বিরুদ্ধে অভিযোগ

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে সরকারি উন্নয়ন প্রকল্পে অনিয়ম, প্রভাব খাটিয়ে ব্যক্তিগত কাজ আদায় এবং অর্থ আত্মসাতের অভিযোগ উঠেছে বহিষ্কৃত বিএনপি নেতা মোতাহার হোসেন আলমগীর মালতিয়ার বিরুদ্ধে। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) অর্থায়িত প্রকল্পের টাকা দিয়ে নিজের বাড়ির উঠান ও প্রবেশপথ পাকা করা এবং সরকারি প্রকল্পের অর্থ আত্মসাতের ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট সূত্র ও স্থানীয়দের অভিযোগ, উপকূলীয় অঞ্চলের অবকাঠামো উন্নয়নে বাস্তবায়নাধীন সিটিসিআরপি প্রকল্পের আওতায় চরফ্যাশন পৌরসভায় বরাদ্দকৃত অর্থ থেকে ৪ নম্বর ওয়ার্ডের ভদ্রপাড়া মালতিয়াবাড়ি সড়ক ও স্টেডিয়ামসংলগ্ন সংযোগ সড়কের কাজ অসম্পন্ন রেখে ঠিকাদারকে চাপ দিয়ে নিজের বাড়ির উঠান ও প্রবেশপথ পাকা করিয়েছেন আলমগীর মালতিয়া। ফলে সাধারণ মানুষের যাতায়াতের রাস্তাটি অসম্পূর্ণ থেকে যাওয়ায় চরম ভোগান্তি পোহাতে হচ্ছে এলাকাবাসীকে। ঠিকাদার কাজী মনির হোসেন দাবি করেন, "স্টেডিয়াম সংলগ্ন সড়কের কাজ বন্ধ রেখে আমাকে দিয়ে জোরপূর্বক ব্যক্তিগত বাড়ির উঠান ও প্রবেশপথ পাকা করানো হয়েছে। এ কারণে আমি এখনো বিল পাইনি।" এছাড়াও তাঁর বিরুদ্ধে চরফ্যাশন মডেল মসজিদের সীমানা প্রাচীরের গ্রিল অপসারণ করে ব্যক্তিগত ভবন নির্মাণের কাজ করা এবং তাঁর ছেলে আরাফাত রহমানের বিরুদ্ধে স্টেডিয়াম নির্মাণ প্রকল্পে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে। তৎকালীন ইউএনও রাশনা শারমিন মিথি জানান, কাজ সম্পন্ন না করে বিল উত্তোলনের চেষ্টা করা হলেও তিনি তাতে স্বাক্ষর করেননি। পৌরসভার নির্বাহী প্রকৌশলী মো. শামিম হাসান নিশ্চিত করেছেন যে, নেতার বাড়ির অংশ পাকা করার কোনো টেন্ডার হয়নি, ঠিকাদারকে চাপ দিয়ে তা করানো হয়েছে। বিএনপির পক্ষ থেকে জানানো হয়েছে, আলমগীর মালতিয়া বর্তমানে দলের কেউ নন। ১৯৯২ সালে উপ-নির্বাচনে বিদ্রোহী প্রার্থী হওয়ায় তাঁকে বহিষ্কার করা হয়, যা এখনো বহাল রয়েছে। উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মনজুর হোসেন বলেন, দল কোনো ব্যক্তির অপকর্মের দায় নেবে না। অভিযোগের বিষয়ে জানতে আলমগীর মালতিয়ার মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি। বর্তমান উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুমানা আফরোজ জানান, তিনি সদ্য যোগদান করেছেন এবং অভিযোগগুলো খতিয়ে দেখে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেবেন।

নলছিটিতে ৪০০ গ্রাম গাঁজাসহ যুবক আটক

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে অভিযান চালিয়ে ৪০০ গ্রাম গাঁজাসহ মো: নাঈম হাওলাদার (৩২) নামে এক মাদককারবারিকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। রোববার (১০ মে) রাত সাড়ে ১০টার দিকে নলছিটি উপজেলায় পটুয়াখালী-ঢাকা মহাসড়কের দপদপিয়া জিরোপয়েন্ট এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। গ্রেফতারকৃত নাঈম হাওলাদার নলছিটি উপজেলার ভরতকাঠি এলাকার শাহ আলম হাওলাদারের ছেলে। পুলিশ জানায়, জেলা গোয়েন্দা শাখার উপপরিদর্শক (নিঃ) মো: হারুনার রশিদ ফোর্স নিয়ে অভিযান চালায়। এসময় জিরোপয়েন্ট এলাকার মহাসড়কের পাশে বুরজুক আলী খানের ইজিবাইক গ্যারেজের সামনে থেকে নাঈম হাওলাদারকে আটক করা হয়। পরে তার কাছ থেকে ৪০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ১৫ হাজার টাকা। এ ঘটনায় উপপরিদর্শক (নিঃ) মো: হারুনার রশিদ বাদী হয়ে নলছিটি থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করেছেন। জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: তৌহিদুজ্জামান বলেন, 'মাদকের বিরুদ্ধে জেলা পুলিশের অভিযান চলমান রয়েছে। সমাজ থেকে মাদক নির্মূলে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। মাদককারবারিদের কোনো ছাড় দেয়া হবে না।'

বাউফলে বাসা থেকে বের হয়ে

প্রতিষ্ঠানের শিক্ষার্থী। নিত্যদিনের মতো সকালে তারা বিদ্যালয়ের উদ্দেশ্যে বের হয়েছিল। নাজিরপুর ছোট ডালিমা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা জানিয়েছেন, তাদের বিদ্যালয়ের নিখোঁজ তিনজন শিক্ষার্থী শ্রেণি কার্যক্রমে অনুপস্থিত ছিল। পরে বিকেলে অভিভাবকদের মাধ্যমে তারা জানতে পারেন, শিক্ষার্থীরা বিদ্যালয়ের কথা বলে বের হয়েছিল। ইতোমধ্যে তাদের সহপাঠীদের সঙ্গে আলাপ করে বিভিন্ন স্থানে খোঁজ নেওয়া হয়েছে, তবে কোনো তথ্যই পাওয়া যায়নি। নিখোঁজ শিক্ষার্থীদের পরিবারের সদস্যরা বলেন, প্রথমে বিদ্যালয়ে এবং পরে আত্মীয়-স্বজনদের ঠিকানায় খোঁজ করেও তাদের সন্ধান পাওয়া যায়নি। পরে রাত ১২টার দিকে তারা বাউফল থানায় সাধারণ ডায়েরি (জিডি) নং-৫৫৮ দায়ের করেছেন। এ বিষয়ে জিডির তদন্তকারী কর্মকর্তা এসআই গোলাম মোস্তফা বলেন, নিখোঁজ ছাত্রীদের সঙ্গে মুঠোফোন নেই, যে কারণে তথ্যপ্রযুক্তির সহায়তায় তাদের অবস্থান জানা সম্ভব হচ্ছে না। তবে যাতায়াতের মাধ্যম বাস ও লঞ্চগুলোতে বিস্তারিত খোঁজখবর নেওয়া হয়েছে। দ্রুত সময়ের মধ্যে তাদের উদ্ধার করা সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম বলেন, বিদ্যালয়ের উদ্দেশ্যে বেরিয়ে তারা আর বাড়ি ফেরেনি। বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত করছে পুলিশ।

যুক্তরাষ্ট্রের প্রস্তাব ‘অযৌক্তিক’

জানানো হয়েছে। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, দুই মাস ধরে চলা যুদ্ধ বন্ধের জন্য যুক্তরাষ্ট্রের প্রস্তাবের জবাব ইরান রোববার পাকিস্তানের মাধ্যমে পাঠিয়েছে। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের শর্তগুলোকে ‘পুরোপুরি অগ্রহণযোগ্য’ বলে মন্তব্য করেছেন। সোমবার এক সংবাদ সম্মেলনে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এসমাইল বাকেই বলেন, যুদ্ধ বন্ধ করা এবং হরমুজ প্রণালিতে চলাচল স্বাভাবিক করার জন্য ইরানের প্রস্তাব ‘বৈধ’ ও ‘উদার’। সর্বশেষ মার্কিন প্রস্তাবের জবাবে ইরান অঞ্চলজুড়ে যুদ্ধ বন্ধ, যুক্তরাষ্ট্রের আরোপিত অবরোধ প্রত্যাহার এবং বিদেশে জব্দ থাকা ইরানের সম্পদ মুক্ত করার দাবি জানিয়েছে। বাকেই বলেন, আমরা কোনো ছাড় দাবি করিনি। আমাদের দাবি সম্পূর্ণ বৈধ। এগুলো হলো যুদ্ধের অবসান, যুক্তরাষ্ট্রের অবরোধ ও জলদস্যুতামূলক আচরণ বন্ধ করা এবং মার্কিন চাপের কারণে বিদেশি ব্যাংকগুলোতে অন্যায়ভাবে জব্দ থাকা ইরানি সম্পদ মুক্ত করা। তিনি বলেন, হরমুজ প্রণালিতে নিরাপদ নৌ চলাচল নিশ্চিত করা এবং অঞ্চল ও লেবাননে নিরাপত্তা প্রতিষ্ঠাও ইরানের দাবির মধ্যে রয়েছে। আঞ্চলিক নিরাপত্তার জন্য এগুলো একটি দায়িত্বশীল ও উদার প্রস্তাব। এর আগে রোববার নিজের ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে ট্রাম্প জানান, তিনি তেহরানের পাল্টা প্রস্তাব প্রত্যাখ্যান করবেন। যদিও তিনি প্রস্তাবের বিস্তারিত প্রকাশ করেননি। তিনি লিখেছেন, আমি ইরানের তথাকথিত ‘প্রতিনিধিদের’ জবাব পড়েছি। এটি আমার পছন্দ হয়নি। এ প্রস্তাব পুরোপুরি অগ্রহণযোগ্য! রোমের আমেরিকান ইউনিভার্সিটির বিশ্লেষক আন্দ্রেয়া দেসি বলেন, উভয় পক্ষই নিজেদের অবস্থানে অনড় রয়েছে। তিনি বলেন, সোমবারের খবর মোটেও ইতিবাচক নয়। কারণ আমরা দেখছি, দুই পক্ষই নিজেদের কঠোর অবস্থানে আটকে আছে। এই অচলাবস্থার সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত হচ্ছে আন্তর্জাতিক অর্থনীতি এবং উপসাগরীয় অঞ্চল ও বৃহত্তর মধ্যপ্রাচ্যের সাধারণ মানুষ।

সীমান্তে কাঁটাতার বসাতে বিএসএফকে

সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ, অগ্নিমিত্রা পাল, অশোক কীর্তনীয়া, নিশীথ প্রামানিক ও ক্ষুদিরাম টুডু। এদিন পশ্চিমবঙ্গের সচিবালয় নবান্ন সভাঘর থেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু বলেন, এটি আমাদের দেশের সুরক্ষার প্রশ্ন, পশ্চিমবঙ্গের সুরক্ষার প্রশ্ন। তাই প্রথমদিনই আমরা বিএসএফের সীমান্ত সুরক্ষার জন্য জমি হস্তান্তর প্রক্রিয়া অনুমোদন দিলাম। তিনি বলেন, আজ থেকেই জমি হস্তান্তরের প্রক্রিয়া শুরু হবে। ভূমি ও রাজস্ব সচিব এবং মুখ্য সচিবকে দায়িত্ব দেওয়া হলো। ৪৫ দিনের মধ্যে বিএসএফের প্রয়োজনীয় জমি হস্তান্তর সম্পূর্ণ করতে হবে। শুভেন্দু আরও বলেন, প্রধানমন্ত্রী বলেছিলেন, সরকার গড়ার সঙ্গে সঙ্গেই আমরা আয়ুষ্মান ভারতের সঙ্গে যুক্ত হবো। আজ থেকে আমরা আয়ুষ্মান ভারত প্রকল্পে যুক্ত হলাম। মমতা ব্যানার্জীর সরকারের সময় যেসব সামাজিক প্রকল্প ছিল, সেগুলো বাতিল হচ্ছে না বলেও জানান মুখ্যমন্ত্রী। তিনি জানান, আগে চালু থাকা সমস্ত প্রকল্প থাকবে। তবে অ-ভারতীয় বা মৃত কেউ এই সমস্ত প্রকল্পের সুবিধা পাবেন না।

ঈদুল আজহায় কাউখালীতে

ঈদ সামনে রেখে খামারগুলোয় পশু লালন-পালনে কাজে ব্যস্ত সময় পার করছেন খামারিরা। প্রাণিসম্পদ অধিদপ্তর পশু নিরাপদে বাজারে সরবরাহের জন্য প্রয়োজনী পরামর্শ দিচ্ছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের পরামর্শে ৬টি গরু মোটাতাজা করেছেন সদর উপজেলার মধ্য বাশুড়ী গ্রামের খামারি মাওলানা লোকমান হোসেন। তিনি বলেন, মাদ্রাসা সামলিয়ে অনেক কষ্টে খামার করেছি। এ বছর গো-খাদ্যের দাম চড়া। গরু মোটাতাজা করতে বাড়তি খরচ হয়েছে। ভারত অথবা অন্য দেশ থেকে পশু না এলে কোরবানির হাটে আমাদের পশুর ন্যায্যমূল্য পাব আশা করছি। তার খামারে দের লাখ থেকে তিন লাখ টাকার গরু রয়েছে। ২০টি গরু মোটাতাজা করেছেন সদর উপজেলার উজিয়ালখান গ্রামের উত্তম মৃদা। তিনি বলেন, গত বছরের তুলনায় এবার বাড়তি খরচ হয়েছে। প্রত্যাশিত মূল্য পেলে লাভের মুখ দেখতে পারব। বিদেশি গরু হাট দখল করলে দেশি গরুর চাহিদা কমবে। সে ক্ষেত্রে লোকসানের শঙ্কা রয়েছে। আইরন-ঝাপুষী গ্রামের মোঃ জসিম, দাশেরকাঠী গ্রামের মোঃ হেলাল হোসেন, নীলতি গ্রামের মোঃ বেলায়েত সহ এই উপজেলায় ছোট-বড় মিলিয়ে মোট ৭২৪ টি খামার রয়েছে। প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এই এলাকার খামারিরা খাস না দিয়ে পশুকে দানাদার খাবারের দেয়ায় তাদের উৎপাদন খরচ বেশি লাগে। উপজেলার কোরবানির এসব হাট তদারকির জন্য ইতোমধ্যে মেডিকেল টিম গঠন করা হয়েছে।

হাদি হত্যার বিচার না হওয়া মানে

হামলা চলছে। মসজিদে নামাজরত অবস্থায় নাচগান হচ্ছে। অথচ ওরা আমাদের শিখায় আমাদের দেশে সংখ্যালঘু নির্যাতন হয়। ওদের মতো একটা জঙ্গি রাষ্ট্রের কাছ থেকে আমাদের শিখতে হবে মানবতা কাকে বলে। যেখানে বাংলাদেশের মুসলমানরা এ দেশের মন্দির পাহারা দিচ্ছে।’ তিনি আরও বলেন, ‘ওসমান হাদি স্মৃতি মঞ্চের মাধ্যমে যেকোন অন্যায়ের বিরুদ্ধে লড়াই করা হবে। আমরা এখান থেকে আন্দোলনের যাত্রা শুরু করেছি শাহবাগ ব্লকেড কর্মসূচির মাধ্যমে শেষ করব। যতদিন পর্যন্ত আমার ভাইয়ের বিচার না হবে ততদিনে আমরা ঘরে ফিরব না। এটা শুধু ওসমান হাদির হত্যার বিচার না এটা বাংলাদেশের জয়-পরাজয়ের বিচার। বাংলাদেশ হেরে যাবে নাকি মাথা উঁচু করে দাঁড়াবে। জুলাই কি হেরে যাবে নাকি জুলাই মাথা উঁচু করে বাঁচবে।’ মানববন্ধনে বক্তব্য দেনড় ওসমান হাদির বোনজামাই আমির হোসেন হাওলাদার, জুলাই আন্দোলনে নিহত শহীদ সেলিম তালুকদারের বাবা সুলতান তালুকদার, জুলাই যোদ্ধা মুসা সরদার, ওসমান হাদি স্মৃতি মঞ্চের সদস্য রিফাত প্রমুখ।

কাউখালীতে গাছের ডালে

উদ্ধার করে থানায় নিয়ে যায়। কাউখালী থানার (ওসি তদন্ত) মো. এবাদ আলী মোল্লা বলেন, “স্থানীয়দের দেওয়া তথ্যের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।”

ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সঙ্ঘের

কর্মকার, সাধারণ সম্পাদক শ্রী শিশির দত্ত,শিশু তোষ কর্মকার,পার্থ ব্রক্ষ,পলাশ কর্মকার,বিজন দাস,নান্টু সিংহ,বিশ্বজিত ব্রক্ষ,উপদেষ্টা মন্ডলির মধ্যে শ্রী জগদিস চন্দ্র রায়,শ্রী শেখর সরকারসহ অন্যরা অংশনেন। ৬দিন ব্যপি অনুষ্ঠানে পর্যায়ক্রমে গতকাল রাতে শ্রীমদ্ভাগবত পাঠ করেন, গোপীনাথ দাস ব্রক্ষচারী। এছাড়া অনুষ্ঠান পরিক্রমায় আজ মঙ্গলবার প্রাতঃকালীন প্রার্থনা ও শ্রীগুরু বন্দনা,শ্রীশ্রী গীতাপাঠ ও গুরুগীতা পাঠ,শ্রীশ্রী গুরুদেবের পাদুকা উৎসব অঙ্গনে আনয়ন,জাতীয় ও সঙ্ঘ পতাকা উত্তোলন,ধর্মীয় সংগীত, শ্রীমদ্ভাগবত পাঠ এবং রাত ১১টা ১মিনিটে শ্রীশ্রী তারকব্রক্ষ মহানাম যজ্ঞানুষ্ঠানের শুভ অধিবাস। আগামী বুধবার থেকে শুক্রবার পর্যন্ত ২৪প্রহর অখন্ডতারকব্রক্ষ মহানাম সংকীর্তন। বিরতিহীন এ নাম সংকীর্তন পরিবেশন করবেন দেশের বিভিন্ন স্থান থেকে আগত কির্ত্তুনীয়া দলের মধ্যে শ্রী ভক্ত নরোত্তম সম্প্রদায়,বৃন্দাবন সম্প্রদায়,মোহন লাল সম্প্রদায়,বলদেব জিউ সম্প্রদায় এবং শ্রী সত্য সনাতন সম্প্রদায়। অনুষ্ঠানে প্রতিদিন আগত ভক্তদের জন্য খাবারের ব্যাবস্থাও রয়েছে। আগামী শনিবার ধর্মীয় আচার শেষে মহা প্রসাদ বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হবে বলে আয়োজক কমিটি জানিয়েছেন।

বাকেরগঞ্জ একতা গ্রামীণ

খান। ও প্রোগ্রাম অফিসার সোহাগ হোসেন সাধারণ রোগী দেখেন ২১০ জন চোখের ছানি অপারেশনের জন্য ৬০ জনকে অপারেশনের জন্য গ্রামীণ জি সি হাসপাতাল বরিশাল নিয়ে যাওয়া হয়। এ সময় উপস্থিত ছিলেন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ মনিরুল ইসলাম উন্নয়ন কর্মী মানসুর আক্তার। কলেজের অধ্যক্ষ মোঃ হাবিবুর রহমান সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উপকূলের জেলেপল্লীতে বাড়ছে

থেকে সন্ধ্যা পর্যন্ত অলস সময় কাটাচ্ছেন জেলেরা। কারও হাতে কাজ নেই, চোখে নেই ভবিষ্যতের নিশ্চয়তা। অনেকের মুখে হতাশা, ক্ষোভ ও বঞ্চনার দীর্ঘশ্বাস। জেলে আবদুর রহিম হাওলাদার বলেন, “আমাদের জীবনের একমাত্র ভরসা সাগর। সাগরে যেতে না পারলে ঘরে চুলা জ্বলে না। সরকার যে চাল দেয়, তা দিয়ে কয়দিন চলে? বাচ্চাদের খাবার, ওষুধ, বাজারড়সবকিছু তো চাল দিয়ে হয় না।” পাথরঘাটার আরেক জেলে হাফিজ মাঝি বলেন, “একটা ট্রলার বন্ধ মানে ১৫-২০টা পরিবার বন্ধ। এখন ঘরে বসে শুধু ঋণের কিস্তির চিন্তা করি। মহাজন টাকা চায়, এনজিও কিস্তি চায়, কিন্তু আয় করার রাস্তা বন্ধ।” জেলেদের অভিযোগ, বাংলাদেশে অবরোধ চললেও ভারতীয় জেলেরা অনেক সময় বাংলাদেশের জলসীমায় ঢুকে অবাধে মাছ শিকার করছে। অথচ বাংলাদেশের জেলেরা আইন মেনে ঘাটে বসে মানবেতর জীবন কাটাচ্ছেন। পাথরঘাটার মৎস্য ব্যবসায়ী মো. মহিউদ্দিন এসমে বলেন, “বাংলাদেশি জেলেরা অবরোধ মেনে চলে ক্ষতিগ্রস্ত হচ্ছে। কিন্তু ভারতীয় ট্রলার যদি আমাদের জলসীমায় ঢুকে মাছ ধরে নিয়ে যায়, তাহলে এই নিষেধাজ্ঞার সুফল আমরা কিভাবে পাবো? সীমান্ত নজরদারি আরও কঠোর হওয়া দরকার।” উপকূলের সংকট এখন শুধু অর্থনৈতিক নয়, সামাজিক বিপর্যয়েও রূপ নিচ্ছে। অনেক পরিবারে সন্তানদের লেখাপড়া বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। বাজারে বাকি বাড়ছে। কেউ কেউ সংসার চালাতে গৃহস্থালির জিনিসপত্র পর্যন্ত বিক্রি করছেন। পাথরঘাটার জেলে স্ত্রী রাশিদা বেগম বলেন, “স্বামী ঘরে বসে থাকে। আয় নাই। দোকানে গেলে বাকিও দিতে চায় না। ছোট ছোট ছেলেমেয়েদের নিয়ে কিভাবে বাঁচবো বুঝতে পারি না।” জেলা মৎস্য অফিস সূত্রে জানা গেছে, বরগুনায় নিবন্ধিত জেলের সংখ্যা প্রায় এক লাখের কাছাকাছি। তবে স্থানীয়দের দাবি, প্রকৃত জেলের সংখ্যা আরও বেশি। শুধু পাথরঘাটাতেই প্রায় ৩০ হাজার জেলে রয়েছে। অথচ সরকারি সহায়তা পৌঁছায় সীমিত সংখ্যক মানুষের কাছে। সরকারি হিসাবে ৬৫ দিনের জন্য নিবন্ধিত জেলেদের ৮৬ কেজি চাল দেওয়া হচ্ছে। কিন্তু বাস্তবে এই সহায়তা একটি পরিবারের জন্য অপ্রতুল বলে অভিযোগ জেলেদের। অনেক প্রকৃত জেলের নাম তালিকায় না থাকায় তারা কোনো সহায়তাই পাচ্ছেন না। জেলে হেলাল মিয়া বলেন, “৮৬ কেজি চাল দিয়ে সংসার চলে না। শুধু চাল দিলে তো বাজার হয় না। ডাল, তেল, ওষুধ, বাচ্চাদের খরচড় এসব কোথা থেকে আসবে?” অন্যদিকে মৎস্য বিভাগ বলছে, সামুদ্রিক মাছের প্রজনন ও উৎপাদন বৃদ্ধির জন্য এই নিষেধাজ্ঞা অত্যন্ত জরুরি। বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন বলেন, “সরকার নিবন্ধিত জেলেদের খাদ্য সহায়তা দিচ্ছে। পাশাপাশি বাদ পড়া প্রকৃত জেলেদের তালিকা প্রস্তুতের কাজ চলছে।” তবে বাস্তবতা হলো, উপকূলের জেলে পরিবারগুলো এখন টিকে থাকার লড়াইয়ে ক্লান্ত। জলবায়ু পরিবর্তন, নদীভাঙন, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের সঙ্গে যুদ্ধ করেই তাদের জীবন কাটে। তার ওপর দীর্ঘ কর্মহীনতা যেন তাদের অস্তিত্বকেই সংকটের মুখে ঠেলে দিয়েছে। বিশেষজ্ঞদের মতে, শুধুমাত্র নিষেধাজ্ঞা জারি করলেই সমস্যার সমাধান হবে না। বিকল্প কর্মসংস্থান, নগদ সহায়তা, স্বচ্ছ জেলে তালিকা, ঋণের সুদ মওকুফ এবং সীমান্তে কঠোর নজরদারি নিশ্চিত না করলে উপকূলীয় অর্থনীতি ভয়াবহ বিপর্যয়ের মুখে পড়বে। সাগরের ঢেউ থেমে নেই, কিন্তু থেমে গেছে উপকূলের হাজারো জেলে পরিবারের স্বাভাবিক জীবন। রাষ্ট্রের সিদ্ধান্তে মাছের প্রজনন হয়তো রক্ষা পাচ্ছে, কিন্তু সেই সিদ্ধান্তের ভারে ধীরে ধীরে ভেঙে পড়ছে উপকূলের মানুষগুলোর জীবন ও ভবিষ্যৎ।

উপকূলে সক্রিয় পাচার চক্র

রাকিব, জহির সেরাং, শরিফ সেরাং, শাহীন সেরাং, আলমগীর মাঝি, আবুল মাঝি ও জাহাঙ্গীর মাঝি। অভিযুক্তরা সবাই মনপুরা উপজেলার বিভিন্ন ইউনিয়নের বাসিন্দা। পেশায় জেলে হলেও তারা সমুদ্র উপকূল ব্যবহার করে কৌশলে এই পাচার বাণিজ্য চালিয়ে যাচ্ছেন। অনুসন্ধানে জানা যায়, চক্রটি নোয়াখালীর হাতিয়া থেকে জ্বালানি তেল ও ভোগ্যপণ্য সংগ্রহ করে মনপুরার সমুদ্র উপকূল হয়ে রাতের আঁধারে নিঝুম দ্বীপের পূর্ব পাশে অবস্থিত ‘দমার চর’-এ নিয়ে যায়। শুল্ক-কর ফাঁকি দিয়ে প্রতিটি ট্রলারবোঝাই পণ্য মিয়ানমারে খালাস করার বিনিময়ে তারা মোটা অঙ্কের অর্থ পায়। ফিরতি পথে তারা নিয়ে আসে মাদক, যা স্থানীয় ডিলারদের কাছে তিনগুণ দামে বিক্রি করা হয়। সূত্রের দাবি, পাচারের এই ধারাটি শুরুতে কয়েকজন শুরু করলেও বর্তমানে এর নেতৃত্বে রয়েছেন দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের ভেলু মাঝির ছেলে ফুয়াদ। গত তিন মাস ধরে সাগরে মাছ ধরার ছদ্মবেশে এই চক্রটি সক্রিয় রয়েছে। পাচারকারী এই চক্রের আরও কয়েকজন সদস্য চরফ্যাশন উপজেলায়ও রয়েছে বলে জানা গেছে। নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় এক জেলে জানান, গত ৯ মে দিবাগত রাতে মনপুরার তালতলা এলাকা থেকে শাহিন সেরাং, মজিদ সেরাং, হারুন সেরাং ও জহির সেরাং-এর ৪টি ট্রলার এবং ১২ এপ্রিল দিবাগত রাতে জনতাবাজার মৎস্যঘাট থেকে হারুন সেরাং-এর ট্রলার পণ্য নিয়ে যাত্রা করে। এছাড়া ১৩ এপ্রিল সন্ধ্যায় চরফ্যাশনের সামরাজ মৎস্যঘাট থেকে আলমগীর মাঝি, আবুল মাঝি, মজিদ মাঝি ও জাহাঙ্গীর মাঝির একাধিক ট্রলার মিয়ানমারের উদ্দেশ্যে ছেড়ে যায়। অভিযোগের বিষয়ে জানতে চাইলে প্রধান অভিযুক্ত ফুয়াদ বলেন, ‘আমি তেল বিক্রি করি। আমার আন্ডারে ১০টি ট্রলার আছে। তারা আমার কাছ থেকে তেল কিনে কী করে তা আমি জানি না।’ তবে অভিযুক্ত অন্যদের মধ্যে শাহিন সেরাং, মজিদ সেরাং, হারুন সেরাং, জহির সেরাং এর মুঠোফোন বন্ধ থাকায় তাদের বক্তব্য জানা সম্ভব হয়নি। হাতিয়া কোস্টগার্ড কন্টিনজেন্ট কমান্ডার জানান, ইতিমধ্যে পাচারকারী চক্রের বেশ কিছু মালামাল ও ট্রলার জব্দ করা হয়েছে। সাগরের বিভিন্ন চ্যানেলে কোস্টগার্ডের নিয়মিত টহল অব্যাহত রয়েছে। মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফরিদ উদ্দিন জানান, সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে যারা পাচার কাজে জড়িত, তাদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। ভোলার পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছার বলেন, ‘বিষয়টি সম্পর্কে আমরা অবগত। যেহেতু এটি সমুদ্রপথের বিষয়, তাই নৌবাহিনী ও কোস্টগার্ডের কঠোর নজরদারি প্রয়োজন। কোনো জেলের জড়িত থাকার প্রমাণ পেলে অবশ্যই তাদের আইনের আওতায় আনা হবে।’

গৌরনদীতে গ্যাস সিলিন্ডার

আক্তার জানান, রোববার বেলা এগারটার দিকে মোটরসাইকেলের টাংকি ঝালাই দেওয়ার জন্য কলেজ ছাত্র মেহেদী এবং আমার বোনের ছেলে জিসান আশোকাঠী আখিঁ ক্লিনিক সংলগ্ন একটি গ্যারাজে যায়। সেখানে গ্যাস ঝালাই দেওয়ার সময় অগ্নিকান্ডে তারা দুইজন দগ্ধ হয়ে গুরুত্বর আহত হয়। খবরপেয়ে তাদের প্রথমে উপজেলা ও পরে শেবাচিম হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে অবস্থার অবনতি হলে রাতেই ঢাকা বার্ন ইউনিটিতে প্রেরণ করা হয়। হাসপাতালের জরুরি বিভাগে দায়িত্বরত উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার জাহিদুল ইসলাম জানান, সিলিন্ডার বিস্ফোরণে আহত ওই দুইজনের অবস্থা গুরুত্বর হওয়ায় তাদেরকে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়।

আমতলীতে বজ্রপাতের

পড়ে জনপদজুড়ে। প্রতিকূল আবহাওয়ার মধ্যেও জীবিকার প্রয়োজনে মাঠে কিংবা নদীতে কাজ করতে হওয়ায় সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকেন কৃষক, জেলে ও শ্রমজীবী মানুষ। সাম্প্রতিক সময়ে উপজেলার বিভিন্ন এলাকায় বজ্রপাতে একাধিক কৃষক ও শ্রমিকের মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে স্থানীয় জনপদে। অনেক পরিবার হারিয়েছে তাদের একমাত্র উপার্জনক্ষম সদস্যকে। ফলে অসহায় হয়ে পড়েছে বহু পরিবার, নেমে এসেছে অর্থনৈতিক অনিশ্চয়তা। একই সঙ্গে বজ্রপাতের আঘাতে গরু-মহিষসহ গবাদিপশুর মৃত্যুও বাড়ছে, যা গ্রামীণ অর্থনীতিতে বড় ধরনের নেতিবাচক প্রভাব ফেলছে। স্থানীয় কৃষকদের ভাষ্য, বর্ষা মৌসুমে বিস্তীর্ণ খোলা মাঠে কাজ করতে গিয়ে প্রতিনিয়ত আতঙ্কে থাকতে হয়। অধিকাংশ এলাকায় নিরাপদ আশ্রয়কেন্দ্র কিংবা বজ্রপাত নিরোধক ব্যবস্থার অভাব থাকায় মেঘের গর্জন শুরু হলেই জীবন নিয়ে শঙ্কা তৈরি হয়। অনেকেই বাধ্য হয়ে জীবনের ঝুঁকি নিয়েই কাজ চালিয়ে যান। বিশেষজ্ঞদের মতে, জলবায়ু পরিবর্তনের প্রভাবে আবহাওয়ার অস্বাভাবিক আচরণ, গ্রামাঞ্চলে বড় গাছ বিশেষ করে তালগাছের সংখ্যা কমে যাওয়া এবং পর্যাপ্ত বজ্রপাত নিরোধক প্রযুক্তির অভাব প্রাণহানি বৃদ্ধির অন্যতম কারণ। একসময় গ্রামবাংলার তালগাছ বজ্রপাত থেকে প্রাকৃতিক সুরক্ষা দিতো, কিন্তু অপরিকল্পিতভাবে গাছ নিধনের ফলে সে সুরক্ষা এখন অনেকটাই বিলীন। সচেতন মহল বলছে, আমতলীর খোলা মাঠ, শিক্ষা প্রতিষ্ঠান, হাটবাজার ও ঝুঁকিপূর্ণ এলাকায় দ্রুত বজ্রপাত নিরোধক দণ্ড (লাইটনিং অ্যারেস্টার) স্থাপন জরুরি। পাশাপাশি ব্যাপক বৃক্ষরোপণ কর্মসূচি, বিশেষ করে তালগাছ রোপণ, আবহাওয়া সতর্কবার্তা প্রচার এবং গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম আরও জোরদার করতে হবে। স্থানীয়দের মতে, বজ্রপাত এখন শুধুই একটি মৌসুমি প্রাকৃতিক দুর্যোগ নয়; এটি আমতলীর মানুষের জন্য ভয়াবহ সামাজিক ও অর্থনৈতিক সংকটে রূপ নিয়েছে। তাই জানমাল রক্ষায় সরকারি উদ্যোগ, আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং জনসচেতনতার সমন্বয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ এখন সময়ের সবচেয়ে বড় দাবি।

বাকেরগঞ্জ একতা গ্রামীণ সংস্থার ফ্রি চক্ষু ক্যাম্প -কীর্তনখোলা

ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সঙ্ঘের ৬দিন ব্যপি ৬২তম ধর্মীয় অনুষ্ঠান শুরু উপলক্ষ্যে শোভাযাত্রা -কীর্তনখোলা

নিরীক্ষা ও হিসাব

(অতিরিক্ত দায়িত্ব) বরিশাল মো. সাজ্জাদ হোসেন। সভায় আরও উপস্থিত ছিলেন মো. তওফিকুল ইসলাম (এডিসিএ), মো. রফিকুল ইসলাম (এএন্ডএও প্রশাসন), মো. আরিফুল হক (এএন্ডএও), মো. সাইফুল ইসলাম (সুপার), অডিটর হাবিবুর রহমান হাবিব ও নাইম খানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। সভায় জানানো হয়, ১৯৭৩ সালে বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠিত হয় এবং একই বছরের ১১ মে দেশের প্রথম সিএজি নিয়োগ দেওয়া হয়। সরকারি আর্থিক ব্যবস্থাপনায় জনগণের স্বার্থ সংরক্ষণে এটি ছিল গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বক্তারা বলেন, জনগণের সম্পদের ব্যবহারে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সিএজি কার্যালয় এবং এর আওতাধীন প্রতিষ্ঠানগুলো সংবিধানপ্রদত্ত দায়িত্ব পালন করে যাচ্ছে। হিসাবরক্ষণ ব্যবস্থাকে আধুনিক, ডিজিটাল ও জনকল্যাণমুখী করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। সেবা সপ্তাহ উপলক্ষে জানানো হয়, হিসাব মহানিয়ন্ত্রক এস এম রেজভীর সার্বিক তত্ত্বাবধানে পেনশন সেবাসহ সরকারি আর্থিক সেবায় দ্রুততা, মানবিকতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে দেশব্যাপী ওয়ানস্টপ সার্ভিস চালু রয়েছে। অনলাইন সার্ভিস ফিডব্যাক গ্রহণ এবং টেলিফোনে সেবার মান যাচাইয়ের ব্যবস্থাও রাখা হয়েছে। এ ছাড়া পেনশনারদের ইএফটির আওতায় এনে প্রতি মাসের প্রথম কর্মদিবসে ব্যাংক হিসাবে পেনশনের অর্থ পাঠানো হচ্ছে। হেল্প ডেস্কের মাধ্যমে পেনশনসংক্রান্ত সমস্যার তাৎক্ষণিক সমাধান এবং অনলাইনে তথ্যসেবা নিশ্চিত করা হয়েছে। সভায় আরও জানানো হয়, ডিডিওদের অন্যান্য বিল অনলাইনে দাখিল ও পরিশোধ কার্যক্রম চালু রয়েছে। এ বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পাশাপাশি সরকারি অর্থ পরিশোধে ইএফটির পাশাপাশি এমআইসিআর চেক এবং কোষাগারে অর্থ জমায় অটোমেটেড চালান ব্যবস্থা চালুর মাধ্যমে সরকারের ক্যাশ ম্যানেজমেন্ট শক্তিশালী করা হচ্ছে।

ভোলায় বৃষ্টির পানি জমে ফসল

পানি আটকে থাকায় ক্ষেতের ফসল পচে নষ্ট হতে শুরু করেছে। বিশেষ করে নিচু ও জলাবদ্ধ এলাকায় ক্ষতির মাত্রা বেশি। ভোলা সদরের আলীনগর ও চরসাসাইয়া এলাকার কৃষক রুহুল আমিন ও ছিদ্দিক ও সেরাজুল বলেন, জমিতে সয়াবিন ও মুগডালের আবাদ করেছি, সেগুলোর মধ্যে ৬০ ভাগ ফসল কয়েকদিনের বৃষ্টিতে পুরো জমি পানির নিচে চলে গেছে। এখন ফসল তোলার আর কোনো সুযোগ নেই। প্রায় ৩০/৪০ হাজার টাকার ক্ষতি হয়েছে। একই উপজেলার আলীনগর এলাকার কৃষক পারভেজ জানান, লাভের আশায় ধারদেনা ও এনজিও থেকে ঋণ নিয়ে তিনি আবাদ করেছিলেন। কিন্তু এখন পুরো ক্ষেত পানিতে তলিয়ে গেছে। তিনি বলেন, মাঠে যা ছিল সবই শেষ। সব মিলিয়ে প্রায় তিন লাখ টাকার ক্ষতি হয়েছে। এখন কীভাবে ঋণ পরিশোধ করব, সেই চিন্তায় আছি। ক্ষতিগ্রস্ত কৃষকদের অভিযোগ, অনেক এলাকায় পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় জমিতে দীর্ঘ সময় পানি আটকে রয়েছে। খাল ও জলাশয় ভরাট হয়ে যাওয়ায় পানি দ্রুত নামতে পারছে না। এতে ক্ষতির পরিমাণ আরও বেড়েছে। বাপ্তা এলাকার কৃষক মো. মাসুদ বলেন, এক সপ্তাহের টানা বৃষ্টিতে জমি ডুবে গেছে। যদি পানি নামার ব্যবস্থা থাকত তাহলে এত ক্ষতি হতো না। আলীনগর এলাকার কৃষক রিপন বলেন, জমির সঙ্গে খালের সংযোগ থাকলে পানি দ্রুত নেমে যেত। কিন্তু পানি নিষ্কাশনের কোনো কার্যকর ব্যবস্থা নেই। কৃষকদের কথা শুধু বলা হয়, বাস্তবে তেমন সহযোগিতা পাওয়া যায় না। স্থানীয় কৃষকরা আরও, চলতি মৌসুমে আবহাওয়া অনুকূলে থাকায় ভালো ফলনের আশা করেছিলেন তারা। কিন্তু মৌসুমের শেষ সময়ে এসে প্রাকৃতিক দুর্যোগে সেই স্বপ্ন ভেঙে গেছে। অনেক কৃষকই এখন নতুন করে আবাদ চালিয়ে যাওয়ার সক্ষমতা হারানোর আশঙ্কা করছেন। ভোলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ভোলার উপ-পরিচালক (চলতি দায়িত্ব) ড. শামীম আহমেদ বলেন, গত ২৮ এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত টানা বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগে জেলায় ব্যাপক ফসলের ক্ষতি হয়েছে। প্রাথমিক হিসাবে এক কোটি ৬২ লাখ টাকার মুগডাল, ১৬ কোটি ৬৮ লাখ টাকার চিনাবাদাম এবং ২ কোটি ৭৮ লাখ টাকার সয়াবিন ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি আরও বলেন, কৃষকদের ক্ষয়ক্ষতির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার প্রক্রিয়া চলছে।

আগৈলঝাড়ায় চাচীর

লিখিত অভিযোগ দায়ের করলে ওই রাতেই এসআই মো.মিরাজুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শণ করেন। অভিযুক্ত ভাতিজা বিবেক হালদার মোবাইল ফোন ব্যবহার না করায় তার বক্তব্য পাওয়া যায়নি। এব্যাপারে এসআই মো.মিরাজুল ইসলাম বলেন, ঘটনাস্থল পরিদর্শন করেছি। এখন তদন্ত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

ঝালকাঠিতে কৃষকের ‘পাকা

প্রতিকূলতার মধ্যে আবাদ করা সফল এখন পানির নিচে তলিয়ে আছে। যা তোলা সম্ভব হয়েছে তার অবস্থাও ভাল নেই। তার ওপর শ্রমিক সংকটে সেই ফসল ঘরে তোলা নিয়েও তৈরি হয়েছে অনিশ্চয়তা। এ পরিস্থিতিতে কৃষকদের ঘরে ঘরে হাহাকার। ঝালকাঠি সদরের বাসন্ডা গ্রামের কৃষক মো. শাহ আলম বলেন, এবছর ডিজেলসহ সব কিছুই বেশি দামে কিনতে হয়েছে। ধার-দেনা করে ফসল আবাদ করেছি। ফলন দেখে ভেবেছিলাম ভালই লাভ হবে। কিন্তু পাকাধানে মই দেয় অসময়ের বন্যা। ধান ঘরে তোলার পর দেখছি বেশির ভাগ ধান পানিতে নষ্ট হয়ে গেছে। বেশাইনখান গ্রামের নারী কৃষক রেহেনা বেগম বলেন, বন্যা-বৃষ্টিতে ডুবে থাকা ধান এখন তাড়াহুড়ো করে কাটতে হচ্ছে। বাড়তি মজুরি দিয়েও পাওয়া যাচ্ছে না শ্রমিক। এ ব্যাপারে ঝালকাঠি কৃষি সম্প্রসারণ অধিদফতরের অতিরিক্ত উপ-পরিচালক (উদ্যান) মো. রিয়াজ উল্লাহ বাহাদুর জানায়, অর্ধেক পরিমাণ ফসল কর্তন এখনও শেষ হয়নি। শেষ না হওয়া পর্যন্ত ক্ষয়ক্ষতির পরিমাণ পরিমাপ করা যাচ্ছে না। তবে জমিতে থাকা ধান দ্রুত কর্তন করতে কৃষকদের পরামর্শ ও যান্ত্রিক সহযোগিতা দেয়া হচ্ছে বলেও জানান তিনি। প্রসঙ্গত, চলতি মৌসুমে ঝালকাঠি জেলায় ১৩ হাজার ৮২৫ হেক্টর জমিতে বোরো আবাদ করা হয়, যা থেকে ৫৯ হাজার ৫৫০ মেট্রিক টন চাল উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

কুকুরের ধাওয়া খেয়ে লোকালয়ে আশ্রয় নিল মায়াবী হরিণ, উদ্ধার করল বন বিভাগ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় কুকুরের ধাওয়া খেয়ে প্রাণ বাঁচাতে একটি মায়াবী হরিণ লোকালয়ে ঢুকে একটি বাড়িতে আশ্রয় নিয়েছে। সোমবার (১১ মে) সকালে উপজেলার চরদুয়ানী ইউনিয়নের গাব্বারিয়া গ্রামে এ ঘটনা ঘটে। পরে বন বিভাগের একটি দল গিয়ে হরিণটিকে উদ্ধার করে। স্থানীয় সূত্রে জানা গেছে, সকাল ৬টার দিকে গাব্বারিয়া গ্রামের মোস্তফা ফরাজির বাড়ির পুকুরপাড়ে হরিণটিকে আশ্রয় নিতে দেখা যায়। সুন্দরবনসংলগ্ন এলাকা হওয়ায় ধারণা করা হচ্ছে, হরিণটি পথ হারিয়ে লোকালয়ে চলে এসেছে। তবে কোনো চোরাকারবারির কাছ থেকে ছুটে এসেও এটি এলাকায় ঢুকে থাকতে পারে বলে সন্দেহ করছেন স্থানীয়রা। হরিণটিকে প্রথম দেখতে পাওয়া স্থানীয় যুবক আসাদুল জানান, তিনি ফসলের মাঠে কাজ করার সময় কয়েকটি কুকুর হরিণটিকে ধাওয়া করতে দেখেন। একপর্যায়ে হরিণটি দৌড়ে গিয়ে একটি জালে আটকে পড়ে। পরে স্থানীয়রা সেটিকে জাল থেকে মুক্ত করলে হরিণটি দৌড়ে মোস্তফা ফরাজির বাড়ির পুকুরপাড়ে গিয়ে আশ্রয় নেয়। বাড়ির মালিক মোস্তফা ফরাজি বলেন, ‘কুকুরের তাড়া খেয়ে হরিণটি আমার বাড়ির পুকুরপাড়ে এসে পড়ে। পরে আমি বন বিভাগ ও স্থানীয়দের খবর দিই। খবর পেয়ে বন বিভাগের লোকজন এসে হরিণটিকে উদ্ধার করে নিয়ে যায়।’ এ বিষয়ে জ্ঞানপাড়া বিট কর্মকর্তার বিশেষ সহকারী সুরজিৎ চৌধুরী বলেন, স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে বন বিভাগের একটি দল ঘটনাস্থলে গিয়ে হরিণটি উদ্ধার করেছে। বর্তমানে হরিণটি কিছুটা অসুস্থ রয়েছে। প্রয়োজনীয় চিকিৎসা শেষে সেটিকে সুন্দরবনে অবমুক্ত করা হবে। তিনি আরও জানান, হরিণটি কোনো চোরাকারবারির মাধ্যমে এলাকায় আনা হয়েছিল কি না, সেটিও খতিয়ে দেখা হচ্ছে। এ ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হবে এবং কোনো ব্যক্তি জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আমতলীতে পূবালী ব্যাংকের ক্যাশলেস কর্মসূচির উদ্বোধন

আমতলী প্রতিনিধি

লেনদেন হচ্ছে ক্যাশলেস, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ’ এই স্লোগানকে ধারণ করে বরগুনার আমতলীতে পূবালী ব্যাংক পিএলসির উদ্যোগে দুইদিনব্যাপী ক্যাশলেস মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে আমতলী একে স্কুল চৌরাস্তায় এ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়। ডিজিটাল লেনদেনকে উৎসাহিত করা এবং ব্যাংকিং সেবায় কাগুজে টাকার ব্যবহার কমানোর লক্ষ্যে এ ক্যাম্পেইনের আয়োজন করা হয়েছে। পূবালী ব্যাংক পিএলসির পটুয়াখালী শাখার জুনিয়র অফিসার (এডিসি) মো. রাজু আহম্মেদ রানার সঞ্চালনায় এবং উপশাখার ব্যবস্থাপক ও প্রিন্সিপাল অফিসার মো. এহসানুল কবীরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসির কলাপাড়া শাখার ব্যবস্থাপক ও প্রিন্সিপাল অফিসার কাজী রেজাউল ইসলাম রিয়াদ। অনুষ্ঠানে বক্তব্য দেন আমতলীর বিশিষ্ট ব্যবসায়ী রাকিবুল হাসান চৌধুরী রাজু, সাংবাদিক আবু জিহাদ, আবদুর রহমান সালেহ ও মুক্তা রানী প্রমুখ। বক্তারা ব্যাংকিং লেনদেনে নগদ অর্থের বিকল্প হিসেবে ক্যাশলেস পদ্ধতির প্রসারকে সময়োপযোগী উদ্যোগ হিসেবে উল্লেখ করেন। উল্লেখ্য, পূবালী ব্যাংকের পূর্ণাঙ্গ গ্রাহকসেবা অ্যাপ ‘পাই ব্যাংকিং’-এর মাধ্যমে গ্রাহকরা তাৎক্ষণিক অর্থ স্থানান্তর, হিসাবের তথ্য জানা, অন্যান্য ব্যাংকে অর্থ প্রেরণ, ইউটিলিটি বিল পরিশোধ এবং শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি প্রদানসহ বিভিন্ন সেবা গ্রহণ করতে পারেন। এছাড়াও অ্যাপটিতে মোবাইল রিচার্জ, মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড সেবা, চেক বইয়ের জন্য আবেদন, চেক লেনদেন স্থগিতকরণসহ আধুনিক ব্যাংকিংয়ের বিভিন্ন সুবিধা সহজেই পাওয়া যায়।

সন্তান জন্ম দিয়ে চিরঘুমে

বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির মেধাবী ছাত্রী। শনিবার (০৯ মে) রাতে স্বামী রূপম দাস ছিলেনকর্মস্থলে। সাত মাসের অন্তঃসত্ত্বা জয়ন্তী হালদার নিজের ঘরেই ছিলেন। হঠাৎ গোঙানির শব্দে শাশুড়ি দেবযানী দাস ঘরে ছুটে গিয়ে দেখেন পুত্রবধূ অচেতন। আনন্দ আর আশঙ্কার দোলাচলে থাকা পরিবারটি জয়ন্তীকে নিয়ে ছোটেন আগৈলঝাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য জরুরি ভিত্তিতে নেওয়া হয় বরিশাল শেরে-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। চিকিৎসকরা জানান, জয়ন্তী একলাম্পশিয়ায় আক্রান্ত। এদিকে, দীর্ঘ ১৭ ঘণ্টা জয়ন্তীর কোনো জ্ঞান ছিল না। নিথর দেহটা হাসপাতালের বিছানায় পড়ে থাকলেও গর্ভের সন্তানটি যেন লড়ছিল বাঁচার জন্য। চিকিৎসকদের পরামর্শে রোববার দুপুর ২টায় যখন বিশ্বজুড়ে মা দিবস উদযাপিত হচ্ছে ঠিক তখন অপারেশন থিয়েটারে সিজারের মাধ্যমে জন্ম নেয় এক ফুটফুটে কন্যাসন্তান। কিন্তু নিয়তির নিষ্ঠুর পরিহাসে, সন্তানের কান্নার শব্দ যখন আনন্দ পৌঁছে দেওয়ার কথা, তখনই জয়ন্তীর অবস্থা সংকটাপন্ন হয়ে পড়ে। সিসিইউ ও আইসিইউতে যমে-মানুষে টানাটানির পর বিকেল ৫টায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এই মমতাময়ী মা। রোববার রাতে যখন অ্যাম্বুলেন্সের সাইরেন বাজিয়ে জয়ন্তীর নিথর দেহ ফুল্লশ্রী গ্রামে পৌঁছাল, পুরো এলাকার আকাশ-বাতাস ভারী হয়ে ওঠে স্বজনদের আহাজারিতে। কিন্তু সবচেয়ে বেশি কাঁদিয়েছে চতুর্থ শ্রেণির ছাত্রী রূপন্তি দাসের সেই পাথর হয়ে যাওয়া চাহনি। হাজারো মানুষের ভিড়ে ৯ বছরের শিশুটি নির্বাক দৃষ্টিতে খুঁজছিল তার মাকে। সে কি জানে, আজ মা দিবস? সে কি বুঝতে পারছে, এখন থেকে প্রতি বছর যখন মানুষ ফেসবুকে বা কার্ডে মাকে শুভেচ্ছা জানাবে, তখন তাকে তার মায়ের ছবির সামনে দাঁড়িয়ে অশ্রু মুছতে হবে? পেশায় পরিবার কল্যাণ সহকারী জয়ন্তী হালদার অন্যের ঘরে সুসংবাদ পৌঁছে দিলেও নিজের ঘরটি আজ অপূর্ণ করে দিলেন। তার সাত মাসের নবজাতক কন্যাটি এখন শেবাচিম হাসপাতালে ইনকিউবেটরে চিকিৎসাধীন রয়েছে। মা নেই, মায়ের বুকের ওম নেই, আছে শুধু একরাশ শূন্যতা। বছর ঘুরে যখনই মা দিবস ফিরে আসবে, বড় বোন রূপন্তি আর সদ্যোজাত ছোট বোনটি হয়তো একে অন্যের দিকে তাকিয়ে খুঁজে ফিরবে সেই হারানো ছায়া। ফুল্লশ্রী গ্রামের মানুষের মনে আজ একটাই দীর্ঘশ্বাস এমন মা দিবস যেন আর কারও জীবনে না আসে।

সীমান্তে কাঁটাতার বসাতে বিএসএফকে জমি দিচ্ছে বিজেপি সরকার

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দিতে ৪৫ দিনের মধ্যে ভারতীয় সীমান্ত বাহিনীর (বিএসএফ) হাতে জমি হস্তান্তরের অনুমোদন দিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। সোমবার (১১ মে) রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বাধীন ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১২ মে ২০২৬ ॥ ২৯ বৈশাখ ১৪৩৩

যুক্তরাষ্ট্রের প্রস্তাব ‘অযৌক্তিক’ ও ‘একপেশে’: ইরান

কীর্তনখোলা ডেস্ক
যুদ্ধ বন্ধে চলমান আলোচনায় যুক্তরাষ্ট্র ‘অযৌক্তিক’ ও ‘একপেশে’ দাবি করেছে বলে অভিযোগ করেছে ইরান। মার্কিন প্রস্তাবের জবাবে ইরান এ অভিযোগ করেছে। সোমবার (১১ মে) আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য ৩ এর পাতায় দেখুন

উপকূলের জেলেপল্লীতে বাড়ছে হতাশা, ঋণ আর অনিশ্চয়তা

বরগুনা প্রতিনিধি
বঙ্গোপসাগরে মাছের নিরাপদ প্রজনন ও সামুদ্রিক সম্পদ রক্ষার নামে প্রতিবছর ৬৫ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা জারি করা হলেও, এই সিদ্ধান্তের সবচেয়ে বড় চাপ বহন করতে হচ্ছে উপকূলের দরিদ্র জেলে পরিবারগুলোকে। সরকারের ভাষায় এটি ‘মৎস্য সম্পদ রক্ষার উদ্যোগ’, কিন্তু বাস্তবে বরগুনা, পাথরঘাটা, তালতলী, কলাপাড়া, মহিপুর, ভোলা ও কক্সবাজারের উপকূলে এটি এখন এক দীর্ঘ মানবিক সংকটে রূপ নিয়েছে। উপকূলের বিভিন্ন ঘাটে সারি সারি ট্রলার নোঙর করে পড়ে আছে। জালে জমেছে ধুলো। সাগরে যেতে না পেরে কর্মহীন হয়ে পড়েছেন হাজার হাজার জেলে ও মৎস্য শ্রমিক। পরিবার চালাতে না পেরে অনেকেই এখন এনজিও ঋণ, মহাজনের দাদন ও ধারদেনার ফাঁদে আটকা পড়েছেন। বরগুনার পাথরঘাটা বিএফডিসি ঘাট ঘুরে দেখা যায়, সকাল ৩ এর পাতায় দেখুন

বাউফলে বাসা থেকে বের হয়ে আর ফেরেনি চার স্কুলছাত্রী

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলের নাজিরপুর-তাঁতেরকাঠি ইউনিয়নের চার শিক্ষার্থী বাড়ি থেকে বিদ্যালয়ের উদ্দেশ্যে বেরিয়ে যাওয়ার দুদিন অতিবাহিত হলেও এখনো তাদের সন্ধান মেলেনি। রবিবার সকালে পৃথকভাবে তারা বিদ্যালয়ের উদ্দেশ্যে নিজ নিজ বাড়ি থেকে বের হয়। রবিবার রাতেই বিদ্যালয়পড়ুয়া চার কিশোরী নিখোঁজের ঘটনায় বাউফল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। জানা গেছে, নিখোঁজ সানজিদা আক্তার (১২) ও ইসমত জেরিন (১২) নাজিরপুর ছোট ডালিমা মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী। আর সানজিদা আক্তার রায়সা (১৩) একই বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী। তবে নিখোঁজ আয়শা আক্তার (১৫) অন্য একটি ৩ এর পাতায় দেখুন

উপকূলে সক্রিয় পাচার চক্র, মিয়ানমারে যাচ্ছে জ্বালানি তেল-ভোগ্যপণ্য

চরফ্যাশন প্রতিনিধি
জ্বালানি তেল, নির্মাণসামগ্রী ও চাল-ডালের মতো নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য পাচারের প্রতিযোগিতায় নেমেছে ভোলার মনপুরা উপজেলার একটি প্রভাবশালী চক্র। মাছ ধরার ট্রলারের আড়ালে এসব পণ্য প্রতিবেশী দেশ মিয়ানমারে পাচার করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। পাচার শেষে ট্রলারগুলো ফিরে আসার সময় নিয়ে আসছে কোটি কোটি টাকার মাদকের চালান। অনুসন্ধানে এই সক্রিয় পাচারকারী চক্রের ১৯ জন সদস্যের নাম উঠে এসেছে। তারা হলেনড় খলিল মাঝি, শাহাবুদ্দিন সেরাং, মজিদ মাঝি, ফুয়াদ, নুরইসলাম, হারুন সেরাং, মালেক মাঝি, হান্নান মাঝি, কাসেম শিকদার, নুরনবী মাঝি, সিরাজ মাঝি, মিজান ৩ এর পাতায় দেখুন

সন্তান জন্ম দিয়ে চিরঘুমে মা

আগৈলঝাড়া প্রতিনিধি
ক্যালেন্ডারের পাতায় দিনটি ছিল ‘বিশ্ব মা দিবস’। যখন চারদিকে মায়েদের প্রতি ভালোবাসা আর শ্রদ্ধার জোয়ার, ঠিক তখনই বরিশালের আগৈলঝাড়ার ফুল্লশ্রী গ্রামে নেমে এলো এক বিষাদময় অন্ধকার। মা দিবসের বিকেলেই পৃথিবীর আলো দেখা নবজাতকের কোলজুড়ে দিয়ে না ফেরার দেশে চলে গেলেন মা জয়ন্তী হালদার (৩৫)। এক বোনকে স্বাগত জানাতে গিয়ে অন্য বোন হারাল তার সবচেয়ে নিরাপদ আশ্রয়ড় নিজের মাকে। জয়ন্তী হালদার ফুল্লশ্রী গ্রামের রূপম দাসের স্ত্রী। তিনি আগৈলঝাড়া উপজেলায় পরিবার কল্যাণ সহকারী পদে কর্মরত ছিলেন। মাঠকর্মী হিসেবে গ্রামবাসীকে নিয়মিত স্বাস্থ্যসেবা দিয়ে আসছিলেন জয়ন্তি হালদার। তার ৯ বছর বয়সী মেয়ে রুপন্তি দাস আগৈলঝাড়া সরকারি মডেল প্রাথমিক ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে কৃষকের ‘পাকা ধানে মই’, ঘরে ঘরে হাহাকার

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠিতে প্রাকৃতিক দুর্যোগে ৬ হাজার হেক্টর জমির পাকা বোরো ধান এখন পানির নিচে। ধার-দেনাসহ নানা প্রতিকূলতার মধ্যে আবাদ করা ধান ঘরে তুলতে কৃষকরা এখন দিশেহারা। মাঠে মাঠে সোনার ধান দেখে বাম্পার ফলনের সম্ভাবনায় ঝালকাঠির কৃষকদের মুখে ফুটেছিল হাসি। কিন্তু তা এখন কান্নায় পরিণত হয়েছে। সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে সৃষ্ট ঝড়, ভারি বৃষ্টি এবং অস্বাভাবিক জোয়ার তাদের সে হাসি কেড়ে নিয়েছে। কৃষকরা জানিয়েছে, এ বছর বোরো আবাদের শুরু থেকেই চাষ খরচ এবং সার, ঔষদের মূল্য বৃদ্ধিতে বেড়েছে উৎপাদন খরচ। ধারদেনা করে এমন ৩ এর পাতায় দেখুন

ভোলায় বৃষ্টির পানি জমে ফসল নষ্ট, ২১ কোটি টাকার ক্ষতি

ভোলা প্রতিনিধি
ভোলার ওপর দিয়ে বয়ে যাওয়া কয়েক দফা বৃষ্টি ও কালবৈশাখী ঝড়ের তাণ্ডবে ভোলার বিস্তীর্ণ কৃষিজমি পানির নিচে তলিয়ে গিয়ে ব্যাপক ফসলহানির ঘটনা ঘটেছে। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে মুগডাল, চিনাবাদাম ও সয়াবিনের ফসলের। এসব দুর্যোগে জেলায় প্রায় ২১ কোটি টাকার ফসলের ক্ষতি হয়েছে বলে নিশ্চিত করেছে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। আকস্মিক এই ক্ষতিতে জেলার শত শত কৃষক এখন চরম দুশ্চিন্তা ও অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন। কৃষকরা জানান, বর্তমানে জেলার অধিকাংশ এলাকায় মুগ, চিনাবাদাম ও সয়াবিন ঘরে তোলার মৌসুম চলছিল। কিছুদিনের মধ্যে এসব ফল ঘরে তোলার প্রস্তুতি নিয়েছেন। ঠিক সেই মুহূর্তে টানা বৃষ্টি ও দমকা হাওয়ায় ফসলি জমিতে পানি জমে জলাবদ্ধতার সৃষ্টি হয়। এতে অনেক জমিতে কয়েকদিন ধরে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সঙ্ঘের ৬দিনব্যাপী ৬২তম ধর্মীয় অনুষ্ঠান শুরু

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সঙ্ঘ ভাণ্ডারিয়া শাখার উদ্যোগে দক্ষিণ ভাণ্ডারিয়া বামুনের হাওলা ঐতিহ্যবাহী শ্রীগুরু সঙ্ঘ মন্দির প্রাঙ্গনে প্রতিবছরের ন্যায় এবছরও গতকাল সোমবার (১১মে) থেকে শুরু করে আগামী শনিবার (১৬মে) পর্যন্ত ৬দিন ব্যপি ৬২তম ধর্মীয় অনুষ্ঠান শুরু হয়। এ উপলক্ষে সকালে মন্দির প্রাঙ্গন থেকে সঙ্ঘের প্রতিষ্ঠাতা পরিব্রাজকাচার্য্যর শ্রীশ্রীমদ্ দুর্গাপ্রসন্ন পরমহংসদেবের ছবি,সঙ্ঘের পতাকা এবং বাদ্যবাজনাসহ নারী-পুরষ ভক্তদের সমন্বয়ে এক মঙ্গল শোভাযাত্রা বের করে বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে মন্দির প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। এতে অন্যান্যের মধ্যে উৎসব উদ্‌যাপন কমিটির সভাপতি শ্রী মনিতোষ ৩ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জ একতা গ্রামীণ সংস্থার ফ্রি চক্ষু ক্যাম্প

বাকেরগঞ্জ প্রতিনিধি
গতকাল ১১ই মে ২০২৬ সোমবার সকাল ৯ টা থেকে ১ টা পর্যন্ত। চোখের ফ্রি চিকিৎসা ও বিনামূল্যে ছানি অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়। স্থান বিলকিস জাহান টেকনিক্যাল স্কুল এন্ড বিএম কলেজ দেউলী গারুরিয়া বাকেরগঞ্জ। একতা গ্রামীণ সমাজ কল্যাণ সংস্থা ডিঙ্গারহাট বাকেরগঞ্জ এ উদ্যোগ গ্রামীণ জি সি চক্ষু হাসপাতাল রুপাতলী বরিশাল এর পরিচালনায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা এবং ছানি রুগীর বাছাই ক্যাম্পের আয়োজন করা হয়। রোগী দেখেন গ্রামীণ চক্ষু হাসপাতাল ডাক্তার রাজন আহমেদ ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে গাছের ডালে ঝুলন্ত অবস্থায় জেলের মরদেহ উদ্ধার

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালী উপজেলায় গাছের ডালে ঝুলন্ত অবস্থায় মো. হানিফ খান (২৭) নামের এক জেলের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার (১১ মে) দুপুরে উপজেলার চিরাপাড়া পার সাতুরিয়া ইউনিয়নের উত্তর সুবিদপুর গ্রামের নদীর পাড়ের একটি বাগান থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত হানিফ খান একই এলাকার মো. হোসেন খানের ছেলে। স্থানীয়রা জানান, সোমবার দুপুরে হানিফ তার স্ত্রীর সঙ্গে মোবাইল ফোনে কথা বলেন। এ সময় তাদের মধ্যে কথা-কাটাকাটি হয়। এরপর তিনি বাড়ি থেকে বের হয়ে যান। পরে পরিবারের সদস্যরা তাকে বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির একপর্যায়ে বাড়ির পাশের নদীর পাড়ে একটি ছৈলা গাছের ডালে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ দেখতে পান। স্থানীয় ইউপি সদস্য জয়দেব ঘোষ জানান, গাছের ডালে গলায় রশি পেঁচানো অবস্থায় মরদেহ ঝুলতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ ৩ এর পাতায় দেখুন

ঈদুল আজহায় কাউখালীতে প্রস্তুত ১৫শ গবাদি পশু

কাউখালী প্রতিনিধি
কোরবানি ঈদুল আজহা সামনে রেখে পিরোজপুরের কাউখালী উপজেলায় প্রস্তুত করা হয়েছে ১৫শ ৩১টি গবাদি পশু। এর মধ্যে আছে ৬৪২টি ষাঁড়, ১৮৮টি বলদ, ১১৯টি গাভি, ৫৭৮টি ছাগল । উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সোমা সরকার জানান, তাদের প্রশিক্ষণ ও পরামর্শে খামারিরা গবাদি পশু মোটাতাজা করেছেন। এসব প্রাণী মোটাতাজা করতে কোনো রাসায়নিক বা অপদ্রব্য ব্যবহার করেনি। খড়, গম, ডালের ভুসি, কাঁচা ঘাস, খৈল, ধানের কুড়া খাওয়ানো হচ্ছে। তিনি বলেন, কাউখালী উপজেলায় কোরবানির জন্য চাহিদা রয়েছে ১৪৭৮টি গবাদি পশুর। ৩ এর পাতায় দেখুন

হাদি হত্যার বিচার না হওয়া মানে জুলাইয়ের পরাজয়: মাসুমা হাদি

নলছিটি প্রতিনিধি
ওসমান হাদি হত্যার বিচার না হওয়া মানেই জুলাইয়ের পরাজয় বলে মন্তব্য করেছেন তার বোন মাসুমা হাদি। তিনি বলেন, দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এখনো হত্যাকাণ্ডের সুষ্ঠু বিচার না হওয়ায় পরিবার চরম হতাশা ও ক্ষোভে দিন কাটাচ্ছে। সোমবার (১১ মে) দুপুর ১২টায় ওসমান হাদির নিজ জন্মভূমি ঝালকাঠির নলছিটি উপজেলার বাসস্ট্যান্ডে ওসমান হাদি স্মৃতি মঞ্চের আয়োজনে মানববন্ধনে তিনি এসব কথা বলেন। মাসুমা হাদি অভিযোগ করেন, ‘আমার ভাইকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। কিন্তু আজও আমরা বিচার পাইনি। যদি এই ঘটনার বিচার না হয়, তাহলে জুলাইয়ের আন্দোলনের যে চেতনাড় ন্যায়বিচার ও জবাবদিহিতা তা ব্যর্থ হয়ে যাবে।’ তিনি বলেন, ‘ভারতের পশ্চিম বঙ্গে মুসলমানদের উপর ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় চাচির পা ভেঙে দিলো ভাতিজা

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় সম্পত্তির বিরোধকে কেন্দ্র করে চাচীর পা ভেঙ্গে দিয়ে ভাতিজা।গুরুতর অবস্থায় চাচীকে উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগ সূত্রে জানা গেছে, উপজেলার গৈলা ইউনিয়নের তালতার মাঠ গ্রামের বিধান ভক্তের সাথে দীর্ঘদিন ধরে সম্পত্তি নিয়ে বিরোধ চলে আসছে বিবেক হালদারের। এই বিরোধীয় সম্পত্তি নিয়ে রোববার সকালে উভয় পক্ষের মধ্যে বাকবিতন্ডার এক পর্যায় চাচী রেবা রানী ভক্তের উপর ভাতিজা বিবেক হালদার হামলা করে পা ভেঙ্গে দেয়। তাকে উদ্ধার করে উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এঘটনায় রেবা ভক্তের স্বামী বিধান ভক্ত বাদী হয়ে রোববার রাতে আগৈলঝাড়া থানায় ৩ এর পাতায় দেখুন

নিরীক্ষা ও হিসাব বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকীতে বিশেষ সেবা কার্যক্রম

কীর্তনখোলা রিপোর্ট
নিরীক্ষা ও হিসাব বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বরিশালে সাত কর্মদিবসব্যাপী বিশেষ সেবা কার্যক্রম শুরু হয়েছে। সোমবার (১১ মে) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বরিশাল কার্যালয়ে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (সিএজি) কার্যালয় তথা নিরীক্ষা ও হিসাব বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ১১ মে থেকে ১৯ মে পর্যন্ত এ বিশেষ সেবা সপ্তাহ পালিত হবে। হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বরিশাল এ কর্মসূচির আয়োজন করে। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস ৩ এর পাতায় দেখুন

আমতলীতে বজ্রপাতের ভয়াল থাবা, বাড়ছে প্রাণহানি

সাইফুল ইসলাম, আমতলী
উপকূলীয় জেলা বরগুনার আমতলী উপজেলায় আশঙ্কাজনক হারে বেড়ে চলেছে বজ্রপাতের ঘটনা। প্রকৃতির ভয়াল এ দুর্যোগে প্রতিনিয়ত বাড়ছে প্রাণহানি, গবাদিপশুর মৃত্যু এবং ফসলি জমির ক্ষয়ক্ষতি। বিশেষ করে খোলা মাঠ, নদী ও জলাশয়ে জীবিকার তাগিদে কাজ করা কৃষক, জেলে ও দিনমজুরদের জন্য বজ্রপাত এখন এক নীরব মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। স্থানীয়দের অভিযোগ, প্রতিবছর বর্ষা মৌসুম শুরু হলেই আমতলীর বিভিন্ন এলাকায় বজ্রপাতের তীব্রতা কয়েকগুণ বেড়ে যায়। হঠাৎ কালো মেঘের আনাগোনা, দমকা হাওয়া ও বজ্রের বিকট শব্দে আতঙ্ক ছড়িয়ে ৩ এর পাতায় দেখুন

মেডিকেল রিপ্রেজেন্টেটিভদের পেশার মর্যাদা রক্ষা ও ঔষধ কোম্পানির প্রতিনিধিদের নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করার দাবিতে নগরীতে মানববন্ধন -কীর্তনখোলা

গৌরনদীতে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ ২

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে মোটরসাইকেলের টাংকিতে গ্যাস ঝালাই দেওয়ার সময় সিলিন্ডার বিস্ফোরণে কলেজ ছাত্র সহ দুইজন গুরুতর আহত হয়েছে। রবিবার (১০ মে) রাতে আহতদের মুমূর্ষ অবস্থায় ঢাকা বার্ন ইউনিটে প্রেরণ করা হয়েছে। আহতরা হলেন, গৌরনদী টেক্সটাইল ইনস্টিটিউটের ছাত্র ও উপজেলা গেট সংলগ্ন সেবা ফিজিওথেরাপী সেন্টারের কর্মী মেহেদী হাসান রাজু (২৩) ও থেরাপী সেন্টারের মালিকের ভাগ্নে জিসান (১৬)। ফিজিওথেরাপী সেন্টারের মালিক নারগিস ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com